হে নাগরেন্দ্র! তোমার কণ্ঠদেশে যে স্থলপদ্মের মঙ্গলময় সুচারু মালা আন্দোলিত হইতেছে, তাহাতে গুঞ্জন-পরায়ণ ভ্রমর-সমূহ সম্মিলিত হইয়া অব্যক্ত মধুর নিনাদ করিতেছে। স্বকীয় সখীগণ কর্ত্তৃক অর্পিতা, রতিরসপ্রদা এবং রঙ্গ-(কৌতুক) বৰ্দ্ধিনী মেখলা পরিধান করিয়া যুবতি শিরোমণি শ্রীরাধার নীবীশোভা বৰ্দ্ধিত হইল, তুমি সেই নীবী সমীপে স্বীয় হস্ত সমর্পণ করিতে থাকিলে শ্রীরাধার প্রবল বাম্যোদয় হইল এবং তোমারও হস্তযুগল মহাপরিশ্রান্তই হইল! উচ্ছলিত প্রচুরতর হর্ষে তোমার হৃদয় উৎপুলকান্বিত হইয়া নৃত্য করিতেছে। সুখ-প্রসবকারী, স্তম্ভবৎ স্ফুরিত সুন্দর জঘনতটস্থ কাঞ্চির নটনোত্থ ধ্বনি শ্রবণে তোমার সুখোদয় হইতেছে। মৃদু মধুর গতিতে আন্দোলায়মান সুন্দর অলকরাজি

দ্বারা তোমার মুখ সুললিত হইতেছে। সুরত নৃত্যকালীন ( প্রেয়সীর ) সেবা সুখ জন্যই বুঝি তুমি মুক্তাহার ধারণ করিয়াছ !! সদ্যোদ্‌গত প্রখর নখর রূপ বাণ সমূহ দ্বারা বিদ্ধ ও স্বেদযুক্ত স্তনযুগলরূপ নব ঘটে সংসক্ত মাল্যের তর্জনকারী সুন্দর পদক ( কণ্ঠভূষণ ) রূপ যোদ্ধা নিযুক্ত করিয়াছ। রতিপ্রাবল্যে উচ্চলিত ও ইতস্ততঃ সঞ্চালিত কেশকলাপ হইতে চারিদিকে বিক্ষিপ্ত মঞ্জুল কুসুমরাজি দ্বারা তোমাদের সুরত-শয্যা সমাচ্ছন্ন হইয়াছে। তুমি অতি মৃদুমন্দ শব্দপরায়ণ-বলয়ধারিণী এবং কম্পকম্পান্বিতা অতি চঞ্চলা সুতনু রাধার করযুগল দ্বারা বেষ্টিত হইয়া থাক। তুমি নিজাভীষ্ট কামবিলাসমদে মত্ত হইয়াছ। তুমি স্বজন-হৃদয়ে আনন্দ দানই করিতেছ। তোমার বাঞ্ছিতা লক্ষ্মী শ্রীরাধাও তোমার অঙ্গমাধুর্য্য নিরীক্ষণ করিতে সমুৎসুকা হইয়া থাকেন। তুমি নাগরীমণির দন্তবলে দষ্ট ও স্পষ্ট-প্রভাযুক্ত সুন্দর অধরপুট ধারণ করিয়া মনোজ্ঞই হইয়াছ। স্বকীয় জনের অন্তরে তুমি প্রীতি দান কর। হে অতুলনীয় করুণরসময় কৃষ্ণ ! তুমি আমার কঠিন হৃদয়েও বিলাস কর—এই প্রার্থনা। ৯।

যিনি স্বীয় কৌস্তভ মণি দ্বারা শ্রীরাধার সুললিত কুঙ্কুমরূপ কঞ্চুক ভূষিত কুচযুগলকে বিমর্দ্দন করতঃ তাঁহার সহিত রমণ করিতে করিতে তদীয় অলকদ্বারা নিজের তিলককেও মার্জিত করিয়া থাকেন—সেই শ্রীকৃষ্ণই আমার হৃদয়ে স্ফূর্ত্তি প্রাপ্ত হউন। ১০।

হে কৃষ্ণ ! তোমার মুখ-পদ্মে তন্দ্রার চিহ্ন দৃষ্ট হইতেছে। চন্দ্র-বদনে কুঙ্কুম, কস্তুরিকা প্রভৃতির ঔজ্জ্বল্য এবং মত্ততাসূচক ঘর্ম্মবিন্দুযুক্ত ও মহাপরিহাস-সঙ্গত বেশভূষাদিও ধারণ করিয়াছ—অতএব, হে ব্রজভূমির আনন্দপ্রদ নাগর ! তুমি এক্ষণে আনন্দরাশিপূর্ণ কুঞ্জেই বিলাস কর। ১১।

( ৩ )

প্রিয়তমা ( বনপথে ) অভিসার করিতে থাকিলে যিনি তদগ্রে

স্বয়ং অলক্ষিত হইয়াই কুশকঙ্করময় বনপথকে পরিষ্কার করতঃ তাহাতে পুষ্পরাশি আস্তীর্ণ করেন—পথরোধক বৃক্ষলতাদিকে অপসারিত করেন, এবং নিজহস্ত যুগল দ্বারা নিজ চরণচিহ্ন সমুদায়কে বিলুপ্ত করিয়া করিয়া অগ্রে অগ্রে চলিতে থাকেন—প্রণয়-বিবশ সেই গিরিধারী তোমাকে আমি প্রণাম করি বা স্তব করিতেছি। ১২।

[পুরুষোত্তম।]

হে বৃন্দাবন-পুরন্দর! তোমার প্রতি কার্য্যে ধরণীর ক্লান্তি (ভার) হরণ হয়। তুমি রমণীগণের সহিত বিলাস-রসে আনন্দলাভ কর। তোমার ললিত অথচ উদ্ভট (ব্রহ্মাণ্ডভেদী) বেণুস্বরে সঞ্জাত উৎকট (প্রচণ্ড) কামজ্বরে বিদলিতা এবং বান্ধবাদির নিকটে লজ্জাচ্যুতা বনিতা সমূহ তোমাকে স্মরণ করিয়া থাকে। হে নিকুঞ্জমন্দিরস্থ সকল মঙ্গল বিধায়ক! তুমি পদ্ম কর্ত্তৃক অর্চ্চিত অর্থাৎ পদ্ম হইতেও সমধিক সুন্দর, কোমল ও সুগন্ধি পাদযুগলের কান্তি সমূহ দ্বারা সকলের শোক বিনাশ করিয়া থাক। তোমার কর্ণযুগলে চঞ্চলায়মান কদম্বের বিকাশোন্মুখ মুকুল বিদ্যমান এবং তাহাতে তোমার রূপের উজ্জ্বল ছটাই বিকীর্ণ হইয়াছে। বিদ্যুদ্বৎ প্রভাযুক্ত (পীতবর্ণ) তোমার বসনদ্বয়। মহিলাগণ তোমাকে হেলা (শৃঙ্গারজ ভাব-বিশেষ) উপহার দান করিয়াছে। তোমার সুমধুর হাস্যমণ্ডিত সরস অপাঙ্গ-বিক্ষেপ কৌশলে দর্শকগণের চিত্তে মহাবিভ্রম জন্মিয়া থাকে। তুমি আশ্রিতা গোপীগণের বেদাচার অর্থাৎ সতীত্বাদি দুরীকরণে অচ্যুত (অব্যাহত) স্বভাব-বিশিষ্ট। শ্রমজল-কণা হইতে সমুদ্ভূত, মাধুর্য্য দ্বারা পরিপূরিত তোমার সুন্দর ললাটজ্যোতিঃ প্রতিফলিত হইতেছে। হে নায়কশিরোমণি! তুমি এইভাবে বিলাস করত। হে নাথ! তোমাতে প্রণয়নিবন্ধন দ্রুতচিত্ত ভক্তগণের চিত্তস্থিত অরুন্তুদ ক্লেশ তোমাকে স্মরণ করা মাত্রই তুমি শীঘ্র বিনাশ করিয়া থাক। হে রাধা-প্রাণেশ্বর! সম্প্রতি তোমাতে আমার রতি-পারিপাটী উদিত

হউক। তোমার নাম শ্রবণে আমার মতি পবিত্র হউক; তুমি একলীলায় বহু প্রয়োজন সাধন করিয়া থাক। হে অপরিসীম পুরুষার্থ-দায়িন্! অতিশীঘ্র আমাকে উদ্ধার কর !! ১৩।

"এই সুমুখী রাধা আমার দৃষ্টি তাঁহার স্তনযুগলে সংলগ্ন হইয়াছে দেখিয়া চকিতা হইলেন এবং পরিস্রস্ত ( বিগলিত ) বস্ত্রাঞ্চল মস্তকে দিয়া ( অবগুণ্ঠনবতী হইয়া ) কাঁচুলিদ্বারা আবৃত থাকিলেও পুনরায় কুচযুগলকে আচ্ছাদন করিতেছেন। অহো! ঐ কুচ-সম্পুট মধ্যেই ইনি আমার মন-রূপ মণিকে সম্যক্‌রূপে আবদ্ধ করিয়াছেন !!"—এই কথা সুবলকে যিনি বলিতেছেন, সেই হরিই আমাদিগকে পালন অর্থাৎ নিকুঞ্জ সেবাদানে চরিতার্থ করুন। ১৪।

হে কৃষ্ণ! তুমি নির্ম্মল মেঘের সৌন্দর্য্য হইতেও সমধিক সুষমায় মণ্ডিত হইয়াছ। তোমার বস্ত্র বিদ্যুৎকেও পরাজয় করিতেছে। তোমার অঙ্গ কুসুমতুল্য মৃদুল, তোমার ভুজদণ্ড গজশুণ্ডবৎ; তোমার কেশকলাপে ময়ূরপুচ্ছ শোভা পাইতেছে; তুমি রসিক ব্রজযুবতিগণের হৃদয়-আকর্ষণ করিয়াছ। চঞ্চলনয়নরূপ খঞ্জনপক্ষি বিশিষ্ট রুচির বদনের মধুর হাস্যদ্বারাই তোমার নিখিল সুরত-চরিত অভিব্যক্ত হইতেছে। তুমি চরণকমলের ভঙ্গি-প্রকাশনে চলিয়া থাক। তুমি সুন্দরীদের কামবৃদ্ধি করিতে করিতেই বিলাস কর। ১৫।

( ৪ )

যিনি মদনবিলাস রস-পরিপূরিত পরিহাস বাক্যরূপ শলাকা কর্ণপথে চালিত করিয়া রমণীমণি শ্রীরাধার সুচারু ওষ্ঠপুটের গাঢ় মুদ্রা ( আবরণ ) উদ্‌ঘাটন করতঃ তাহা হইতে ঈষৎ মৃদুমধুর হাস্যসুধা নিষ্কাশন পূর্ব্বক নিজনেত্ররূপ চষকদ্বারা পান করিতেছেন—সেই শ্রীকৃষ্ণই আমাদের আনন্দ বিস্তার করুন। ১৬।

## [ অচ্যুত। ]

হে স্বভাব-প্রিয় কিম্বা হে জয়শীল [ সর্ব্বোৎকর্ষের সহিত বিরাজমান ] কৃষ্ণ, অথবা শ্রীরাধার জয়-স্বভাবই তোমার প্রিয়। তোমার জয় হউক অর্থাৎ তোমার চরণে নমস্কার। তোমার স্বর সমুদ্র কর্ত্তৃক স্তুত অর্থাৎ পরম-গম্ভীর। তোমার অঙ্গ-কান্তি মেঘবৎ শ্যামল। তোমার বহু বহু লীলাই কীর ( শুক ) কর্ত্তৃক গীত হয়। প্রণয়ভরে তোমার লজ্জা বিগত-প্রায় হইলে তুমি তরুবৎ আলিঙ্গনাদি লীলাবিলাসে মত্ত হও। তুমি শ্রীরাধাদি নিখিল জগতের আকর্ষণ করিবার উদ্দেশ্যে নবীন মুরলীতে শ্রুতি ( স্বর-বিশেষ ) অভ্যাস করিতেছ। তোমার লীলা-বিশেষে ললাটদেশ অতি প্রশস্ত হয় অথবা তুমি অলীক-( মিথ্যা ) পুরন্দর, তোমা দ্বারা গোপীগণের গুরুজন হইতে ভীতি দূরীকৃত হইয়াছে। তুমি বিপুল-জঘনা প্রমদাগণের শিরঃস্থিত সুচিক্কণ বস্ত্র ( ঘোমটা ) আকর্ষণ করিয়া থাক। চন্দ্রের স্বকিরণরূপ দীপদ্বারাই তোমার নিকুঞ্জ-মন্দির আলোকিত হয়। তুমি প্রণুত ( স্তুত ) হইলেই গোপীগণের নিকটবর্ত্তী হও। প্রস্ফুটিত কদম্ব বৃক্ষরাজির তলদেশকে তুমি নিজ চির বিহারে বিখ্যাত করিয়াছ অথবা ঐ দেশেই তুমি চির প্রসিদ্ধ। তুমি বরেশ অর্থাৎ শ্রীরাধার প্রাণবল্লভ। তোমার কুঞ্চিত কেশ-কলাপ অতি সুন্দর, কিম্বা সুকেশা শ্রীরাধাকে তুমি প্রকৃষ্টরূপে প্রাপ্ত হইয়াছ অথবা স্বাধীন ভর্ত্তৃকা অবস্থায় তাঁহার সুন্দর কেশ-কলাপের সংস্কার কার্য্যে নিযুক্ত হইয়া থাক। রাকা রজনীর পূর্ণচন্দ্রবৎ [ চন্দনাদি রচিত ] তিলক অথবা বিশেষ অঙ্গচন্দ্ররাজি দ্বারা তুমি সাতিশয় শোভা ধারণ করিয়াছ। তোমার নিখিল বেশভূষাই মঙ্গলময়। ব্রজমহিলা শ্রীরাধার স্তনযুগল হইতে সুন্দর বস্ত্র কিঞ্চিৎ অপসারিত হইলেই তোমার নয়ন-যুগল উহাতেই খেলা করিয়া থাকে। তুমি মর্য্যাদা-রক্ষক, সুশান্ত অথবা মহানুরাগী, কিম্বা তোমার বাক্য অতি মধুর। তুমি সর্ব্বদাই

রতিকালের বা রতিকালীন কথা স্মরণ করিয়া থাক। প্রেয়সীর অভিসারে দৈবাৎ বিলম্ব ঘটিলে প্রতত (বিস্তৃত) অথচ তীক্ষ্ণ কামবাণ-সমূহের বেগাতিশয্যে প্রবল আঘাত পাইয়া তোমার দেহ প্রকম্পিত হইতে থাকে। তখন তুমি রতিগৃহ (সুরত-মন্দির) আশ্রয় করিয়া থাক; হে অঘনাশন (দুঃখনাশন) তুমি আমার এই হৃদয়ে স্ফুরিত হও। ১৭।

"হে কান্তে! তুমি আমার প্রতি অপাঙ্গবিক্ষেপ করতঃ স্বীয় কুচরূপ স্বর্ণময় শিবলিঙ্গকে ঈষৎ মৃদুমধুর হাস্য-সুধারূপ অমৃত-প্রবাহে স্নান করাইতেছ; হে সুদতি! প্রকৃষ্টরূপে কামের [শম্ভুকোপে নির্জিত কামের] উৎপত্তির জন্য উহাকে অচ্যুত (অস্খলিত, পক্ষে মদীয়) কর-পদ্ম দ্বারা উহার পূজা করাইতেছ না কেন?"—এইকথা বলিতে বলিতেই শ্রীরাধার নিকটে গমন করিয়া সেই শ্রীরাধারতি-বন্ধু বিলাস করুন। ১৮।

হে শ্রীকৃষ্ণ! তুমি বৃন্দাবনস্থ বৃক্ষরাজির মস্তকে লবঙ্গলতাদ্বারা সুশোভিত কুঞ্জমন্দিরে বিলাস করিয়া থাক। তুমি গুঞ্জা ও মুক্তাহার ধারণ করিয়াছ। তোমার চরণযুগল পদ্মের অনুপম-গর্ব্বনাশক। তুমি কান্তার কুচযুগলে হস্তার্পণ করিয়াছ বা তদুপরি শয়ন করিয়াছ। হে ধীর! আমাকে রক্ষা কর, তোমার জয় হউক। ১৯।

( ৫ )

নাগরেন্দ্রকে দর্শন করিয়া শ্রীরাধা মনে করিলেন যে "ইনি এক্ষণেই সম্মুখে আসিয়া আমাকে রোধ করিবেন!"—এইভয়ে নিজ নয়নদ্বয় পশ্চাদ্দিকে রাখিয়া সুতনু রাধা উর্দ্ধশ্বাসে দ্রুতবেগে পলায়নের চেষ্টা করিলেন বটে, কিন্তু তাঁহার চরণ-পদ্মদ্বয় অগ্রে গমন করিতেও সমর্থ হইল না, পৃষ্ঠদেশে গমন করিতেও পারিল না। তখন তিনি অঙ্গ সঙ্কুচিত করিয়া অবস্থান করিতে থাকিলে যিনি তাঁহার নিতম্ব-সৌন্দর্য্যে নয়ন অর্পণ করিয়া বিগলিতচিত্তে বিরাজ করিতেছেন—সেই মাধব (রসবিদ্যাচার্য্যই) আমার সুখবিধান করুন। ২০।

## [তুরঙ্গ।]

হে কৃষ্ণ! তোমার মুখ চন্দ্রবিম্ববৎ পরমসুন্দর, দন্তশ্রেণী কুন্দ সমূহের মহামদের নিন্দাকারী। হস্তদ্বয় প্রফুল্ল পদ্ম হইতেও সুখকর, মধুরতর কণ্ঠ মঙ্গল শঙ্খের সৌন্দর্য্যরাশিকেও পরাজয় করতঃ বিলাসশীল হইয়াছে। তুমি সম্মিলিত যুবতিগণের সুখে ও অনুরাগভরে তরলিত (আন্দোলায়মান) হৃদয়ের (বক্ষঃস্থলের) বস্ত্র অপসারণ করিতে চতুর। তুমি নেত্রপ্রান্তের (কটাক্ষের) সঙ্কোচন করিয়া নানাবিধ বিলাস করিতে পার। তোমার মনোজ্ঞ কেশদাম রঙ্গণ ও অশোকপুষ্পে সুরঞ্জিত হইয়াছে। চঞ্চল ভ্রমরমালার পরাজয়কারী অলকাবলি ইতস্ততঃ সঞ্চালিত হইতেছে। তোমার কর্ণে কুণ্ডল শোভা পাইতেছে। তোমার মৃদু মন্দ হাস্যে ইন্দিরাও (পরমশোভা) শোভা পাইতেছে। তোমার চরিত্র অতি সুখপ্রদ; তুমি নিখিল কল্যাণ গুণগণ-মণ্ডিত, মদমত্ত মাতঙ্গ-বিজয়ী সুন্দর গমন-ভঙ্গীতে উত্থিত কামের বেগে কম্পহেতু তুমি অতি মনোজ্ঞ মূর্ত্তি ধারণ করিয়াছ। বিদ্যুদ্‌বিজয়ীকান্তিশীলা সুন্দরীর বুদ্ধিবলে তুমি আবদ্ধ হইয়াছ অথবা তাঁহাকেই তুমি বুদ্ধিবলে আবদ্ধ করিয়াছ। অহঙ্কারপূর্ণা বিরুদ্ধপক্ষা গোপীগণকে তুমি বঞ্চনা কর। শম্ভুরও দমন-কারী মহামদনের বাণে তোমার হৃদয় খণ্ড খণ্ড হইতেছে। তুমি রতিনায়ক কামদেবের অঙ্গকেই বুঝি অঙ্গীকার করিয়াছ অথবা তোমার সুরত-সহচরী শ্রীরাধাতেই তুমি তোমার মঙ্গল শ্রীঅঙ্গ দান করিয়াছ। ইতস্ততঃ ভ্রমণশীল মধুকর-শ্রেষ্ঠ দ্বারা প্রাপ্তত্রাসা সুনয়না রাধা কর্ত্তৃক তুমি আলিঙ্গিত হইয়া থাক। সঙ্গমবিশেষে তোমার সুন্দর অলকে শ্রীরাধার ভূষা ও অনুলেপনাদি সংসক্ত হইয়া থাকে; অথবা তোমার সুন্দর ললাটে তদীয় করকঙ্কণচিহ্নরাজিও দৃশ্যমান হয়। মঙ্গল চঞ্চল করে যখন কঙ্কণের ডিণ্ডিমবাদ্য হইতে থাকে, তখন ঐ অনবরত চণ্ডত্ব (বাধাপ্রদায়ক উগ্রতা) দ্বারা তুমি অত্যুগ্র আনন্দভরে উৎফুল্লিত হইয়া থাক। তুমি সময়-বিশেষে

আনন্দপ্রদ সখীগণের হৃদয়স্থিত মধুও আস্বাদন কর। হে বৃন্দাবন-পালক! তুমি স্বসেবা-সমর্পণে আমাদের কল্যাণ কর। ২১।

যিনি নিজের (শ্রীকৃষ্ণের) নৃত্যশীল চঞ্চল অপাঙ্গ-বিলাস দ্বারা মনোজ্ঞ সৌন্দর্য্য ধারণ করিয়াছেন—নিজ ভ্রুবরের কুঞ্চনে যাঁহার ধৈর্য্য-চর্য্যাদি সমস্ত বিলুপ্ত হইয়াছে—যিনি নবপ্রণয়দ্বারা পরিপুষ্ট স্মিতরূপ সুধার আচ্ছাদন ব্যাপারে ব্যগ্রচিত্তা—নিজপ্রণয়িনী সেই শ্রীরাধাকে স্মরণ করিতে করিতে পুলকাঞ্চিত-কলেবর হইতেছেন যে শ্রীহরি—তিনিই আমাদিগকে পালন করুন। ২২।

হে কৃষ্ণ! তোমার জয় হউক। তুমি সাম দানাদি নীতি চতুষ্টয় বা চতুঃষষ্টি কলা বিদ্যায় নাগরেন্দ্র। তোমার হস্তদ্বারা উদ্‌গত তালময় রাগসমূহ-বিশিষ্ট বেণুরূপ দূতবর কর্ত্তৃক বনিতাদের অভিমান-জনিত অতিমান (গর্ব্ব) উত্তমরূপে দূরীকৃত হইতেছে!! ২৩।

( ৬ )

নিজ মুরলীর সঙ্গীত শ্রবণ করাইয়া যে সকল পদ্মনয়না নারীগণকে লজ্জারূপ সরোবর মধ্যে নিপাতিত করিয়া তাঁহাদিগের অন্তরশূন্য করতঃ অর্থাৎ মন প্রাণ সকল হরণ পূর্ব্বক বলহীন করিলেও যিনি পুনরায় নিজ অধরস্থ সুন্দর সুধারসের প্রবাহে তাহাদিগকে পূর্ণা অর্থাৎ সরসা করিয়াছেন—সেই হরিই জয়যুক্ত হউন। ২৪।

[ তিলক। ]

হে চিরসুন্দর! তোমার সুন্দর অলকরাজি চঞ্চল মধুকরের রূপগর্ব্বকে খর্ব্ব করিতেছে। তুমি স্বীয় নির্ম্মলকান্তি দ্বারা মেঘ-কান্তিকেও পরাজিত করিয়াছ। দমনক বৃক্ষের মৃতুল ও সুগন্ধি পত্র সমূহ দ্বারা রচিত হারে তোমার বাহুর শোভাবৃদ্ধি হইয়াছে। তোমার সুন্দর হাস্যে অতি প্রশংসনীয় কুলবতী গোপীদের ধৈর্য্যচ্যুতি করে। তুমি বলাৎকার পূর্ব্বক শ্রীরাধার কুচপট্টিকা লুণ্ঠন করিতে বিরত থাকিলে ও যুবতি-মণির

কটুনয়নের তীক্ষ্ণ কুঞ্চনকেও অগ্রাহ্য করিলে তখন তাঁহার হস্ত তোমার হস্তকে দূরীকৃত করিবার জন্য যে এক মহাকলহ উপস্থাপিত করে,—তাহাতে তোমার অঙ্গব্যাপি পুলকসমূহ যেন কবচবৎই প্রতীয়মান হয়। তখন ( স্বগাত্রস্থ ) চন্দন, মৃগমদ ও কুঙ্কুমাদি দ্বারা সুগন্ধিত প্রান্তভূমি বিশিষ্ট বনপ্রদেশে তুমি গমন করিয়া থাক। তথায় মদনানন্দে অন্ধীকৃত ভ্রমর সমূহের গুঞ্জনরূপ রতিমঙ্গলময় রব দ্বারা তোমার সুরতরসরঙ্গ-দায়ক সুখের বার্ত্তা প্রকাশিত হয়। নব কাম-যুদ্ধাবসরে মহাভিমানিনী শ্রীরাধার নিবিড় পরিরম্ভণে তুমি মহারস প্রাপ্ত হইয়াছ। ঐ স্মরতপ্রসঙ্গে উৎপাদিত রতিকূজনে এবং মণিকঙ্কণ হইতে উত্থিত শব্দেই তোমার অতিসুখময় রমণের ইঙ্গিত পাওয়া যায়। এ স্থলে তুমি সর্ব্ব-শঙ্কারহিত হইয়াছ। শ্রীরাধার কেশকলাপের সহিত তোমার নৃত্যপরায়ণ মকর কুণ্ডলদ্বয়ের মিলন হইতেছে। ইতস্ততঃ প্রসরণশীল কান্তিরাশিযুক্ত তোমার হস্ত করিশুণ্ডবৎ প্রতীয়মান হইতেছে। হে নিখিলগুণ-রঞ্জন! তুমি নিজ পরিচর্য্যারত এই মাদৃশজনকে সাতিশয় কৃপা কর। তুমি স্বীয় অঙ্গ-সুষমা দ্বারা শত শত মন্মথকেও মন্থন করিতেছ। তোমার লীলাসমূহে কেবল মনোজ-তরঙ্গাবলিই পরিদৃষ্ট হইতেছে। তোমারই জয় হউক। ২৫।

রতিযুদ্ধোত্থ ঘনঘর্ম্ম-সিক্ত সিন্দুর-পঙ্কে বিলিপ্ত অলক-সমূহ কর্ত্তৃক ললাটদেশ চুম্বিত হইয়া মহাপ্রভা ধারণ করিয়াছে এবং যুবতিমণির দন্তকীর্ত্তি ( দংশন ) ঘোষণাকারী বিম্বাধরও মহাসৌন্দর্য্য-নিধান হইয়াছে—শ্রীকৃষ্ণের এবম্বিধ মুখচন্দ্রমাকেই আমার হৃদয় স্বচ্ছন্দভাবে অবলোকন করুক। ২৬।

হে রাধা-কান্ত! তুমি এক্ষণে নিঃশঙ্ক হইয়াছ। রঙ্গভরে তোমার মন প্রাণ তরলায়িত; তোমার দন্তরাজি কুন্দ-কলিকা হইতেও অতিসুন্দর দেখাইতেছে। তুমি বসন্তকালীন অশোককুঞ্জে বিরাজমান আছ। ২৭।

( ৭ )

"হে কান্তে! যে যে ভাবে তোমার কুচযুগল নিত্যই স্থূলত্ব ও উচ্চত্ব প্রাপ্ত হয়, ঠিক সেই ভাবেই চোলিকাদ্বারা উহারা সূক্ষ্মত্ব ও অর্দ্ধাবরণ-যোগ্যতা প্রাপ্ত হয়। অতএব উহাদের প্রসাধনজন্য সখীযুগলের প্রতি বৃথা কোপ করিতেছ কেন? ইহাতে যে আমার নয়নের কি আনন্দই হইয়া থাকে—তাহা একবার দেখ দেখি!!"—শ্রীকৃষ্ণের এই বাক্য আমার চিত্তে জাগ্রত হউক। ২৮।

[ চণ্ডবৃত্ত মহাকলিকার অবান্তর ভেদ বিশিখের পদ্য। ]

হে রাধাবল্লভ! তোমার জয় হউক। তুমি লবমাত্র নিজবিরহরূপ দাত্র ( কাটারি ) দ্বারা সুন্দরদেহা ব্রজরমণীগণকে ছিন্ন ভিন্ন করিয়া তৎপরে দর্শনস্পর্শনদানে পরিত্রাণ কর। যমুনা-তটবর্ত্তী অতুলনীয়, অতিধন্য ও আয়ত অথচ অবনত বনরাজির তুমিই একমাত্র সুহৃৎ ( নিত্য বিলাসী )। অলকস্বরূপ ভ্রমর পংক্তিদ্বারা মনোজ্ঞ-ললাট বিশিষ্টা নিজকান্তার সহিত মিলন ও সুরত-বিষয়ে তোমার অন্তঃকরণ সদা চিন্তিত থাকে, অথবা অলক স্বরূপ ভ্রমর সমূহ দ্বারা তোমার ললাট অতি রমণীয় হইয়াছে। এবং তোমার অন্তঃকরণ প্রেয়সীর সহিত সর্ব্বদা মিলনাসক্ত। সুরত সমরাবসরে প্রেয়সী কুচযুগল সংগোপন করিতে না পারায় তদ্দর্শনোত্থ কামের পঞ্চশররূপ নখাঙ্ক সমূহ তাঁহার বক্ষোদেশে দৃশ্যমান হয়। অহো! ঐ নখাঙ্কগুলিদ্বারা চন্দ্রাবলিও বুঝি পরাজিত হয়। তুমি এবম্বিধা শ্রীরাধা কর্ত্তৃকই আলিঙ্গিত বা আদৃত হইয়া থাক। তোমার বদন চন্দ্রমাবৎ সুষমা-মণ্ডিত। সুনয়না গোপীদের উল্লাসদায়ক, প্রস্ফুটিত অতিসুন্দর মরুবক পুষ্পহারে সুশোভিত ভুজযুগলরূপ মল্ল ( যোদ্ধা ) দ্বারা তুমি যুবতীগণকে পরিবেষ্টন কর। তুমি প্রণয়সুখই বাঞ্ছা কর। নিজ দন্ত দ্বারা মহাসুখভরে প্রমদবতী রাধার অধর দংশন করতঃ তাহা হইতে শীঘ্রই সুধা নিষ্কাসিত করিয়া তাহাতে অভিষিক্ত হইয়া থাক। এই পর্ব্বতে

ভ্রমররাজি গুঞ্জিত ও মহা অরুণবর্ণ গুঞ্জালতা ভূষিত নবীন কুঞ্জে তোমাদের এই আচরণ ( লীলাবিলাসাদি ) আমি আনন্দভরে দ্রুত ( বিগলিত ) চিত্তে সংযোগ করিলাম অর্থাৎ ইহাই আমার নিত্য স্মরণীয় বস্তু। ২৯।

হে রাধানাথ! তোমার এই অধর শ্রীরাধার নয়নের সহিত মিত্রতা-প্রধান সুমহান্ রসসাম্রাজ্য যথেচ্ছ লাভ করিয়া সাতিশয় দীপ্তিমত্তা ও জয়শীলতা প্রাপ্ত হইয়াছে। [তোমার রাগী অধর শ্রীরাধার নয়ন চুম্বন করিয়া কজ্জল বিন্দু ধারণ করিয়াছে]। উহাতে সখীদেরও নয়নানন্দ দান করিতেছে। অতএব হে নিকুঞ্জেশ্বর! এক্ষণে ঐ অধর মত্ত ভ্রমর কর্ত্তৃক সেবিত বান্ধুলী পুষ্পের যশোরাশিকেও তিরস্কার করুক। ৩০।

হে নাগর! তুমি শ্রীরাধার [স্বাধীনভর্ত্তৃকা অবস্থায়] কুঞ্চিত কেশদামের বেণীগ্রন্থনকালে তাহার মধ্যে মধ্যে চম্পক পুষ্পও দিতেছ; অথবা [সময়-বিশেষে কৌতূহলাভিপ্রায়ে] তোমার কুঞ্চিত কেশদামেও মধ্যে মধ্যে চম্পক কুসুম প্রদত্ত হয়। তুমি তাঁহার মুক্তাহার অপনয়ন করিলে শ্রীরাধা মহাকামবেগে কম্পিতা ও রঞ্জিতা হইলেন—তখন তুমি তাঁহার প্রতি সুরতরস-লাম্পট্য প্রকাশ করিয়াছ। তুমি বিদ্যুদ্‌বিজয়ী অভিনব কান্তিময় বস্ত্র পরিধান করিয়াছ। ৩১।

( ৮ )

শ্রীরাধা স্নান করিয়া উঠিয়াছেন—হস্তদ্বয়ে রক্তবর্ণ চীনবস্ত্র গ্রহণ করিয়া কেশকলাপকে [জল-নির্ম্মুক্ত করিবার জন্য] আঘাত করিতেছেন; এমন সময়ে তথায় শ্রীহরি উপস্থিত হইয়া শ্রীরাধাকে চকিত না করিয়া লতাপত্রের আড়ালে অবস্থান পূর্ব্বক তাঁহার কুচযুগল ও কক্ষদেশ সুখে নিরীক্ষণ করতঃ নিজকে মহা ধন্য ধন্য মনে করিতেছেন—এই শ্রীহরিই জয়যুক্ত হউন। ৩২।

[বঞ্জুল।]

হে শ্রীকৃষ্ণ! তুমি বিশাল-বাহু; এক্ষণে তুমি সঙ্কট-রহিত

হইয়াছ ; জগতের সাতিশয় কৌতুকপ্রদ চরিত (লীলা-বিলাসাদি) প্রকটনে তুমি সুমঙ্গল হইয়াছ। তোমার মুখ চন্দ্রকেও নির্জয় করিয়াছে। পরম উজ্জ্বল কুরুবক (রক্তঝিণ্টী) ও মনোজ্ঞ প্রস্ফুটিত অশোকপুষ্পে তোমার অঙ্গ উত্তমরূপে অলঙ্কৃত হইয়াছে। তুমি শৃঙ্গার রস বিদগ্ধ। তোমার বসন বিদ্যুদ্দামকেও পরাস্ত করিয়াছে। ইন্দ্রধনুর সাতিশয় নিন্দাজনক শিখিচন্দ্রক-(ময়ূর-পুচ্ছ) রাজি খচিত তোমার কেশ-কলাপ ; তুমি গলদেশস্থ লম্বিত মুক্তাহারকে কাঁপাইতেছ ; নব চম্পকের মালা ধারণ করিয়াছ। তুমি সুব্যক্ত মধুর নিনাদে শৃঙ্গবাদন করিতে থাকিলে তাহা শুনিয়া সুন্দরীগণের কটিদেশ সমীপে পরিহিত নীবী স্খলিত হইতে থাকে, তাহাতে কামময় বিকার আশঙ্কা করিয়া অতি প্রখর ও নিষ্ঠুর গুরুজনগণ অতি শীঘ্রই তাঁহাদের সম্মুখে আসিয়া গর্জন ও কটুমুখে তর্জন করতঃ শ্রীকৃষ্ণদর্শনে গমনের বাধা প্রদান করিয়া গৃহ হইতে নিষ্কাশনের দণ্ড ব্যবস্থাদিও করিলে ইঁহারা সাংঘাতিক নিদারুণ বিরহ-জ্বরে অভিভূত হইয়া থাকেন—তখন তুমি তাঁহাদের ঐ জ্বর প্রশমন উদ্দেশ্যে ব্যাপার-বিশেষ বা গমনভঙ্গী অঙ্গীকার কর। তুমি যুবতিগণের বিভ্রম উৎপাদন কর অথবা যুবতিবেশ-ধারণে সকলের ভ্রম জন্মাইয়া থাক ; অব্যক্ত মধুর বাক্য প্রয়োগে চতুরতা প্রকাশ করিয়া কটুতর দুর্জনগণকেও বঞ্চনা করিয়া প্রেয়সীর ভবনে উপস্থিত হইয়া থাক এবং তত্রত্য উত্তম শয্যায় শয়ন করিয়া বহুবিধ বিলাসাদি সমাপন কর। মাধুর্য্য-মণ্ডিত মদনামোদে অন্ধীকৃত যুবতিগণ কর্ত্তৃক তুমি আলিঙ্গিত হইয়া থাক ; ভুজ-পরিরম্ভণে ও শব্দায়মান মণিকঙ্কণের চাঞ্চল্য প্রাপ্তিতে তোমার বিকম্প উপস্থিত হইয়া থাকে। ৩৩।

"শ্রীরাধা নেত্ররূপ নীল পদ্মের প্রান্তভাগ (কটাক্ষ) বিকসিত থাকিলেও ঐ ঐ সময়ে (সঙ্কেত বার্ত্তা শ্রবণে) পুনরায় সঙ্কোচিত করিয়াছেন এবং সম্ভ্রমবশতঃ মৃদুমধুর হাস্য মণ্ডিত মুখচন্দ্রমা উত্তোলিত

থাকিলেও আবার অবনত করিয়াছেন"—কুন্দলতার মুখে এইকথা শ্রবণকারী মুকুন্দ ( মৃদু মধুর হাস্যশোভিবদনে ) জয়যুক্ত হউন। ৩৪।

হে রাধা-বল্লভ! তোমার জয় হউক। লক্ষ্মীরও অজ্ঞাত সর্ব্বাতিশায়ী নবরাগময় নৃত্য কলাবিদ্যার সংরক্ষণে চঞ্চলা রমণীগণের মুখচন্দ্র হইতে নির্গলিত অমৃত-মধুর বাক্য শ্রবণে তুমি মত্ত হইয়াছ এবং তুমি নবীন মাল্য ধারণ করিয়াছ। ৩৫।

( ৯ )

নৃত্যাবসানে গর্ব্বিতা ও উদ্ধতা সখীজনের প্রোৎসাহে এবং স্বয়ং কৃষ্ণকে হঠপূর্ব্বক জয় করিবার অভিপ্রায়ে শ্রীরাধা শীঘ্রই অভিনয়োপযোগী বেশভূষায় শোভিতা হইলেন; কাঞ্চী ও কুঞ্চুকাদিকে দৃঢ় বন্ধনে আবদ্ধ করিবার জন্য হস্তদ্বয়কে নিযুক্ত করিলেন। প্রিয়তমাকে এইভাবে শোভান্বিতা দেখিয়া শ্রীহরি নিজ অক্ষিদ্বয়কে সফল করিতে করিতে আমার বাঞ্ছিত সেবা প্রদান করুন। ৩৬।

[ বকুলভাস্বর। ]

হে ময়ূরপিচ্ছ-খচিত-মুকুটধারিন্! তোমার জয় হউক, জয় হউক। তুমি রস-সাগর! তোমার পাদচিহ্নে পর্ব্বত সহ পৃথিবীরও ভূষণ হইয়াছে। গৃহবৎ দৃশ্যমান নিকুঞ্জে তুমি সদা সর্ব্বদা নিরত। তুমি বিলাস-বিশেষে শ্রীরাধার হারের মহাচাঞ্চল্য বিধান করিয়া থাক। তোমার চরণ-কমল ( গমনেই ) নৃত্য বিলাস করিয়া থাকে। স্ত্রীদিগের নৃত্য-কলা কৌতুকে তোমার মনে আনন্দ হয়। পরিশ্রান্তা ও রমিতা তরুণী রাধার শোভা-বৃদ্ধিকর মুখধাবন ও প্রোঞ্ছনাদি কার্য্য তুমি নিজ করকমলেই সম্পাদন কর। অতএব তুমি এই সুখে অতুলনীয় অর্থাৎ মহানন্দময়। স্বর্গের দেবীগণকে বা নভোবিহারিণী বিদ্যাধরীগণকেও তুমি বিমোহন করিতে পার। তুমি শিব ও নারদকে মোহনদীতে নিমজ্জিত করিয়াছ। মনুষ্যজন্ম-প্রার্থনাকারী ব্রহ্মা তোমার চরণপদ্মের

পরাগ বাঞ্ছা করে। রাগ, কলা ( নৃত্য গীতাদি ), স্বর, ও মূর্চ্ছনা প্রভৃতির সেবকগণ হইতেও তোমাতে যথেষ্ট বৈলক্ষণ্য বিদ্যমান। তুমি সল্লক্ষণযুক্তা মুরলী বাদন করিয়া থাক। তুমি গুণমণিগণের আকর পর্ব্বত সদৃশ। পর্বোপলক্ষে চঞ্চলা রমণীগণের দর্শনলাভে তুমি পরমসুখী হইয়া থাক, অথবা গিরিগোবর্দ্ধনাদির দানঘাটীতে বাগ্‌যুদ্ধকালে রমণীগণের কটাক্ষ ভঙ্গীতে তুমি পরম সুস্থ হইয়া থাক। পরমরসময় নর্ম্মবিলাস হাস্য প্রভৃতি তুমি ভালবাস। প্রিয়-সমন্বিত ভৃঙ্গীগণ তোমার নব মালার স্তুতি করিতেছে। স্থলপদ্ম সমূহের অথবা স্থলপদ্ম ও কদম্বপুষ্পের মালায় তোমার রূপ মনোজ্ঞ হইয়াছে। রূপকরূপ অলঙ্কার বিশেষ দ্বারা রমণীয় কাব্য বর্ণনা দ্বারা কবিগণ তোমার স্তব করেন। মহাসমারোহে পূজিত গিরিগোবর্দ্ধনের তটদেশে তুমি মহারস প্রাপ্ত হইয়াছ। গোপীগণের হার সহিত কুচকঞ্চুক আলোড়ন করিয়া থাক। দানঘাটীতে কলহ করিয়া গোপীগণের পাতিব্রত্য-রূপ ব্রত নাশ কর; তোমার অঙ্গ তাঁহাদের কামজ্বর-নিবারক। তুমি সর্ব্বদা মদযুক্ত অর্থাৎ বিবেকহর উল্লাসময়। তোমার মাল্যের ঈষৎ আন্দোলনে এবং গমন-শোভার দর্শনে বিভ্রান্ত-চিত্ত গোপীজনের অন্তরে মহাসম্ভ্রম ( আদর ) উত্থিত হয় এবং হর্ষভরে তাঁহাদের নীবী-বন্ধন শিথিলিত হইয়া থাকে। আবার তুমি তাঁহাদের চিত্তে কম্পোৎপাদক নয়নকোণের বিক্ষেপে ( কটাক্ষপাতে ) সঙ্কেত করিয়া বিচিত্র চরিত্র প্রকটনে বিরাজ কর। তুমি যেন মহানর্ত্তকরাজ বলিয়া মনে হয়। তোমার স্কন্ধে কৌস্তুভমণি বিরাজিত আছে; তুমি মেঘবৎ সুন্দর; তুমি গোকুলের জীবন, পদ্মপলাশ-লোচন ও সকলেরই সেবাপাত্র। কুঞ্জগৃহে গমন করিয়া তুমি বিবিধ ক্রীড়া করিয়া থাক। তুমি দেব ( দানাদি গুণযুক্ত ) ও ভয়নাশন; তোমাকে নমস্কার। ৩৭।

মধুর হাস্যরূপ বিদ্যা ( মন্ত্র ) দ্বারা নিখিল ব্রজনারীর ধৃতিরূপ কঠিন

সর্পিণীগণকে অপসারিত করিয়া কুন্দমাল্য ধারণে অতিরমণীয় ও মঙ্গলকারী সেই মুকুন্দ সুশীতল নয়ন পদ্মের প্রান্ত-( কটাক্ষ ) সঞ্চালনে তাঁহাদের অঙ্গ মার্জন করিতে করিতে আমাদের আনন্দপ্রদ হউন বা আপনিই সুখাস্বাদন করুন। ৩৮।

হে বংশীবদন! মুখে তান সহ অতিসুন্দর কর্ণানন্দদায়ক গান করিতে থাকিলে গোপিকাগণ মতিমোহ প্রাপ্ত হইয়া তোমার চতুর্দ্দিকে বেষ্টণ করে বা তোমার সেবা করিতে থাকে। হে রতি-লম্পট! তোমার গলদেশে বিমল মাল্য দুলিতেছে, তুমি মেঘ-সুশ্যামল কান্তি বিকীরণ করিতেছ; তুমি নীতি-বিশারদ, বা দ্যুতক্রীড়ায় চাতুর্য্য প্রকাশ করাই তোমার স্বভাব। তুমি মধুর লীলা করিয়া থাক—তোমার জয় হউক। ৩৯।

( ১০ )

যিনি লাম্পট্য-প্রকটনে তরুকাণ্ডে নিজ অঙ্গ হেলাইয়া কেবল নুপূরাদি-ধ্বনিযুক্ত চরণ কম্পন করিয়া করিয়া একবার নিজদেহের দিকে দৃষ্টি করিতেছেন এবং পুনরায় লতামধ্যে লুক্কায়িতা পদ্মনয়না রাধার হাস্যশোভিত নয়নপানে তাকাইতেছেন—সেই কুঞ্জনাথই জয়যুক্ত হউন। ৪০।

[ বকুলভৃঙ্গ। ]

হে মুকুন্দ! তুমি আনন্দই আস্বাদন কর; তোমার গলদেশ হইতে জানু পর্য্যন্ত লম্বিত কুন্দকুসুমের মাল্য শোভা পাইতেছে; তোমার অঙ্গের মনোহর কান্তি দ্বারা মদনেরও রূপ-গর্ব্ব তিরোহিত হইয়াছে। তোমার বিহারাবলির সর্ব্বত্র গান হয়, বা তুমি শব্দ সহকারে বিহার কর, অথবা তোমার অঙ্গে নবীন হার শোভিত হইতেছে। হারলতার প্রান্তবর্ত্তী কমনীয় কৌস্তুভের কান্তিতে তোমার কণ্ঠ ও বক্ষ আলোকিত হইতেছে। তোমার বদন কমলের ন্যায় এবং তুমি স্ত্রীবেশে নৃত্য করিবার জন্য বিবিধ ভূষায় মণ্ডিত হইয়াছ। অথবা ঐ নৃত্যেই

তোমার ভূষার শোভা সম্পাদন হয়। [তোমার অঙ্গে ভূষণ বিরাজিত]। তুমি গায়ক বা গায়িকাদের অতুলনীয় আনন্দপ্রদ, অথবা তাহাদের গানে অসীম আনন্দ উপভোগ কর। তুমি আনন্দ সহকারে সুরত-ক্রীড়া সম্পাদন কর। তুমি নিপুণমতি নারীগণকেও অনার্য্যপথে শীঘ্রই আকৃষ্ট করিতে পার। স্বাভিলষিতা ও সঙ্কেত-প্রাপ্তা মহিলা রাধার গলদেশে অগ অর্থাৎ বৃক্ষবৎ নিশ্চল হইয়া তুমি অবস্থান করিয়া থাক। তুমি স্বয়ং বিমল বুদ্ধিশালী অথচ ধীললিত ( মহাবুদ্ধিশীল ) ব্রজজনের নয়নানন্দ। তোমার ললাটে উজ্জ্বল চন্দন-নির্ম্মিত চন্দ্রবিম্ব দৃষ্ট হইতেছে। তোমার ওষ্ঠ বিম্বফলবৎ সুন্দর। তুমি গোষ্ঠপ অর্থাৎ নন্দযশোদারূপ সমুদ্রের আনন্দবর্দ্ধক পূর্ণচন্দ্রমা। কর্পূর, চন্দন, অগুরু ও কস্তূরী প্রভৃতির পঙ্কে তোমার তিলক রচিত হইয়াছে। গণ্ডস্থলের বিকাশকারী ও কুন্দকুসুমের হাস্যযুক্ত চারুতামণ্ডিত এবং অতিসুন্দর দন্তের কিরণাবলী পরিব্যাপ্ত হইতেছে। তুমি অকন্দ অর্থাৎ দুঃখনাশন। তুমি গিরিগুহায় মহা আনন্দোৎসব করিতে পার অথবা তুমি গুহাদেবতা অর্থাৎ তন্মধ্যে ক্রীড়াপরায়ণ। তুমি পর্ব্বতেও বিলাসাদি সম্পাদন কর—তুমি লাস্যনৃত্যের মহা আচার্য্য বা লীলা দ্বারা তুমি মহেশকেও নাচাইতে পার। হে লীলা-পুরুষোত্তম! তুমিই আমার একমাত্র শরণ ( আশ্রয় )। ৪১।

উন্নীত বামহস্ত-কমল দ্বারা বৃক্ষের অগ্রশাখা ধরিয়া পুষ্পচয়নে ব্যগ্রচিত্তা শ্রীরাধাকে দেখিয়া অলক্ষিত-দেহে যিনি সহসা তাঁহার মুখ পশ্চাদ্দিকে ফিরাইতে ইচ্ছা করিয়া বংশীবাদন করিতেছেন—সেই মুকুন্দই জয়যুক্ত হউন। ৪২।

তুমি মেঘপুঞ্জবৎ সৌন্দর্য্যধারী। গুঞ্জনশীল ও উজ্জ্বল ভ্রমররাজি কর্ত্তৃক মনোজ্ঞ পর্ব্বত-শিখরে আরোহণ করিয়াছ। অনুপম সজ্জনগণ তোমাকে ( তথায় ) সেবা করিয়াছেন। ৪৩।

( ১১ )

"হে সুন্দরি! আমার হস্ত আমারই কিঙ্কিণীর সহিত সখ্যবিধান করিয়া ( তৎস্পর্শে ) মধুর শব্দ করিতেছে; তাহাতে তুমি কেন এক্ষণেই নিজ কিঙ্কিণীর প্রতি আশঙ্কা করিয়া নিরীক্ষণ করিতেছ হে? আমি পদ্ম প্রস্ফুটিত করিয়া পুনঃ পুনঃ ঘ্রাণ করিতেছি—তাহাতেই বা কেন তোমার মুখে সাক্ষাৎ কোপচিহ্ন দৃশ্যমান হইতেছে?" হে হরি! তোমার এই মনোজ্ঞ কথাটি ব্রজে চির বিরাজিত হউক। ৪৪।

[ চণ্ডবৃত্তের সামান্য ভেদ। ]

তোমার বেণুধ্বনি শ্রবণে ধেনুগণের মহা উচ্ছ্বাস হয়; তুমি মহাপ্রীতি দান কর; বল ও সৌন্দর্য্য প্রভৃতির গর্ব্ব নাশ কর ও দূরে অপসারিত কর। তোমার বর্ণ শ্যামল, সূর্য্যপূজারতা গোপীগণ তোমার প্রতি কোপ করিয়া থাকে; সৌন্দর্য্য কর্তৃক স্তুত ( মহাসুন্দর ) হাস্যভরে তুমি প্রকৃষ্টরূপে রাসোৎসব সাধন করিয়া গোপীদের মান হরণ কর। তাঁহাদিগকে আলিঙ্গনদানই তোমার মহা অন্বিষ্যমান বস্তু। তুমি মাল্য সমূহে শোভিত; কামভরে অতিসুন্দর বা অতিহৃদ্য খেলাজাল বিস্তার কর; ক্লেশনাশন অথচ বাক্য-শ্লেষরূপ দাবাগ্নি ( উপতাপাতিশয্য ) দান করিতেছ অথবা ক্লেশদ অনাদরমূলক শ্লেষবাক্যরূপ উপতাপাতিশয্য ভোগ করিতেছ। মঙ্গলময় মাল্যধারণ করিয়াছ। তুমি প্রেমদানকারী। ললাটস্থ অলকসমূহের প্রক্ষালনকারী ও মনোহর স্বেদবিন্দু-নাশক বায়ু দ্বারা তোমার সুখোদয় হইয়াছে। শীঘ্র প্রাপ্ত ( নিকটস্থ ) উজ্জ্বল পর্ব্বতে গিয়া তুমি দানলীলা প্রসঙ্গে বহু আদর প্রকাশ কর। তুমি লোকপ্রসিদ্ধ বাল্যভাবে আবৃত থাক; ( অথচ কৈশোরোচিত কার্য্যাদিও যথার্যথরূপে সম্পাদন কর। ) তোমাকে দেখিতে ( বর্ণে বা লীলায় ) মেঘের মতই মনে হয়। তুমি ব্রজজনের সর্ব্বদুঃখহারী এবং তাহাদের রক্ষাকারী। তুমি পত্রদ্বারা নির্ম্মিত ভেরী ( পটহ ) বাদ্যে আসক্ত হইয়া

থাক ; তুমি লীলাচরণে কামাদিকেও সফল করিয়াছ। তোমাতে শরণাগত ভক্তদিগের অতুল শোকে তুমিও ব্যাকুল হইয়া তোমার কারুণ্যামৃতধারা সুন্দররূপে বিস্তার করিয়া থাক। হে চির-সুন্দর! তাহাদিগের চিত্তে সন্তোষ দান কর। ৪৫।

হে অঘহর! মুক্তাহারের উজ্জ্বলতা-মণ্ডিত কৌস্তভরূপ মহাদীপ বিশিষ্ট, বনমালা-রূপ তোরণযুক্ত, নিজ হৃদয়রূপ ধামে লক্ষ্মীচিহ্নরূপ স্বর্ণ-সিংহাসনে সমাসীনা মহাদেবী রাধিকাকে তুমি সকামভাবে [ কামনা করিয়া ] নিত্য পরিচর্য্যা কর। ৪৬।

হে লীলাময়! তোমার জয় হউক। তোমার গণ্ডদেশ কুণ্ডলের কিরণমালায় পরমসুন্দর হইয়াছে। তুমি ব্রহ্মাণ্ডের উপতাপ নাশ করিয়াছ—তোমার অঙ্গে মণ্ডন [ বসন, ভূষণ, মাল্য ও অনুলেপনাদি ] বিদ্যমান রহিয়াছে। তুমি সুরত-পণ্ডিত ; তোমার দেহকান্তিতে মেঘ-মণ্ডলও লজ্জিত হয়। তুমি নবদণ্ড ( লকুট ) ধারণ করিয়াছ। ৪৭।

( ১২ )

তোমার বাক্য মাধুর্য্যময়, গমনে গজেন্দ্রকীর্ত্তি-সমূহ বিলুপ্ত হয় ; তোমার হাস্য সুনয়না গোপীদের অভিলষিত। হে হরি! এই সবই আমার হৃদয় হরণ করুক। ৪৮।

[ মঞ্জরীর কোরক। ]

হে কৃষ্ণ! তোমার দেহ নীল পদ্মাবলিরও প্রশংসনীয়। তুমি ধীর-ললিত নায়কোচিত স্বভাবে ও সমৃদ্ধিতে অখিল নায়ককেই জয় করিয়াছ। তুমি হরিতাল হইতেও অতি-পীতবর্ণ নব বস্ত্র পরিধান করিয়াছ। নারদ তোমার নূতন নূতন লীলাবলির কীর্ত্তন করে। তোমার প্রভাবে সদামত্ত সহস্র সহস্র কামও পরাজিত হয়। হে নাগর! তুমি পদ্ম-পলাশ লোচন। হে গুণসাগর! তুমি ললাটে চন্দনময় তিলক দ্বারা বিচিত্রিত হইয়াছ। নয়নের প্রান্তভাগকে তুমি মৃদুমন্দভাবে নৃত্য করাইতেছ ;

কর্ণস্থ স্বর্ণকুণ্ডলদ্বয়ের তাণ্ডবনৃত্যে কান্তিরাশির উদ্‌গম হইয়াছে। তোমার বদন দেখিলে মনে হয় যেন একটি সুশোভন পূর্ণচন্দ্রই বটে। তোমার উন্নত ও অত্যুত্তম স্কন্ধদেশে অত্যুৎকৃষ্ট গুঞ্জাহার বিরাজিত। মহামহা বিলাসাতিশয্য সূচক সর্ব্ব-বিলক্ষণ রতিচিহ্ন সমূহে তুমি ভূষিত হইয়াছ। সুরত মহামহোৎসব-বিশেষে তুমি আত্মাবধি সমর্পণে কুশল; বিশ্বারাধ্য বা বিশ্বপূজিত সৌন্দর্য্য-নিদান শ্রীরাধাতেই তুমি সম্যক আসক্তচিত্ত। [সুরতকালীন ঘন ঘন শ্বাস প্রশ্বাস হেতু] তোমার উদর ক্রমশঃ উন্নত, ঈষৎ অবনত ও সম্যক্ নত হইতেছে। তোমার বক্ষোদেশে রতি-চিহ্নরাজি বিরাজ করিতেছে। তুমি সুন্দর কৌস্তুভরত্ন ধারণ করিয়াছ; স্থলপদ্মের মাল্যটিকে সময়ে বা মৃদুভাবে, সময়ে বা অধিকতর কম্পন করাইতেছ; এবং জগন্নারীর মতি মোহিত করিতেছ। মত্তমাতঙ্গ হইতেও তোমার গমনভঙ্গী অতি প্রশংসনীয়। তুমি অত্যুৎকৃষ্ট নূপুরবাদ্যে সকলের বিভ্রম জন্মাইয়া থাক। নৃত্যবিদ্যায় তুমি অতি বিচক্ষণ। মাদনাখ্য মহাভাবের অনুভাব-সমূহের প্রদর্শক কার্য্য সমূহে নিরতা এবং অখিল বৈধক্রিয়াদি হইতে বিরতা গোপীগণের চরণে বিধৃত স্বর্ণ নূপুরের শব্দেই তুমি তাঁহাদের বশ্যতা স্বীকার কর। অতি সুন্দর, পদ্ম-পরাগযুক্ত, বায়ুভরে কম্পিত, লতাপত্রের সহিত বিজড়িত (ময়ূরপুচ্ছস্থ) চন্দ্রক দ্বারা তোমার চূড়ার শোভাবৃদ্ধি হইয়াছে। তোমার বংশী সুধাময় গম্ভীর কলধ্বনি উদ্‌গার করিতেছে। হে দীপ্তিশীল কৃষ্ণ! তোমার জয় হউক। ৪৯।

শ্রীরাধার কটাক্ষরূপ ভ্রমরাবলী—যাঁহার বন্ধুজীব (বান্ধুলী) রূপ অধর পান করিলেও তাহা হইতে স্মিত (মৃদুমধুর হাস্য) রূপ সীধু (অমৃত) দ্বিগুণতরভাবে প্রবাহিত হইয়া থাকে—যিনি করতলে লীলাপদ্ম বিকশিত করিয়া ঘ্রাণ করিতেছেন—সেই শ্রীকৃষ্ণই আমার হৃদয়-গৃহ অলঙ্কৃত করুন। ৫০।

হে নাথ! তোমার পাদপল্লবের দীপ্তিরূপা নদীর লব মাত্রেই

কামদেবের রূপ-পর্ব্বত ( মহাসৌন্দর্য্য ) খর্ব্বতা প্রাপ্ত হয়। সকলে তোমার কেলিপ্রিয়তার সাতিশয় প্রশংসা করে। তোমার সুন্দর বিক্রম, স্বভাব প্রভৃতির সুপরিপাটী দ্বারা শিব, ব্রহ্মা ও অনন্তদেবের মহামহোৎসব সম্পাদিত হয়; অথবা সকল মহোৎসবই তোমার সুখে পর্য্যবসান হয় এবং তোমার পরাক্রম, স্বভাব বা পাদবিন্যাস প্রভৃতি সকলই অতি সুন্দর। ৫১।

( ১৩ )

শ্রীহরির অরুণ নয়ন মহাঘূর্ণাক্রান্ত, কেশকলাপ আলুলায়িত, ললাট ও শিরোদেশ নব অলক্তকরসে রঞ্জিত এবং অধরে অঞ্জনরস সংসক্ত হইয়াছে। প্রাতঃকালে এইবেশে সমুপস্থিত হরিকে দেখিয়া শ্রীরাধার মনঃপীড়ায় প্রকুপিতা সখীগণ তাঁহাকে যথেষ্ট তিরস্কার করিলেন। কোনও অনির্ব্বাচ্য ভাব হৃদয়ে পোষণ করিয়া ঐ হরিকে আমি নিকুঞ্জে প্রবেশ করাইব। ৫২।

[ মঞ্জরীর গুচ্ছ। ]

হে রতিলম্পট! তোমার জয় হউক। তুমি কামবাণে উদ্ধতা ( গর্ব্বিতা ) যুবতিগণ কর্ত্তৃক রঞ্জিত হইয়াছ। তোমার রক্তবর্ণ চক্ষুদ্বয় প্রবলতর ঘূর্ণাক্রান্ত হইয়াছে। আহা মরি!! তোমার মনোহর অধর দ্বারা ভ্রমরযুক্ত বন্ধুজীবের কান্তিও লাঞ্ছিত হইয়াছে। সুবিপুল জৃম্ভার উদ্গমে তুমি তাহার গোপন করিবার জন্য কি চাতুরীই প্রকাশ করিতেছ! হে বহুবল্লভ! শ্রমজল-বিরাজিত যাবকের ( অলক্তকের ) রসে তোমার ললাট ও শিরোদেশ রঞ্জিত হইয়াছে। ক্রমশঃ বিস্তৃত ও সর্ব্বত্র ব্যাপ্ত হইয়া তোমায় অলকাবলি ইতস্ততঃ আন্দোলিত বা বিমর্দ্দিত হইয়াছে। প্রখর নখর সমূহ দ্বারা তোমার বক্ষোদেশ চিহ্নিত হইয়া অরুণবর্ণ ধারণ করিয়াছে। খণ্ডিতা প্রাণবল্লভা রাধার কটুবাক্যে তুমি তিরস্কৃত হইয়াছ। ক্রকচ ( করাত ) বৎ সুতীক্ষ্ণ ভ্রূলতার তর্জ্জন-বাহুল্যে তুমি কম্পিত হইয়াছ।

তখন শত শত শপথ করিয়া তুমি নিজের সাধুতা প্রকট করিয়া থাক। তোমার বনমালার মর্দ্দন বা ম্লানি-প্রাপ্তিই রতিযুদ্ধের সূচনা করিতেছে। তুমি বহু চাতুরী রচনা দ্বারা প্রত্যুত্তর প্রদান পূর্ব্বক তাঁহাকে সান্ত্বনা করিতে থাক, কিন্তু শীঘ্রই বামা সখীগণের পটুতাময় বাক্যজালে তোমাকে বঞ্চিত হইতে হয়, কিন্তু বহুলাঞ্ছনা সত্ত্বেও তুমি স্থানত্যাগ কর না। অতএব হে অচ্যুত! আমার হৃদয়ে কোনও ভাব-মাধুর্য্য বিস্তার কর। ৫৩।

"হে রতহিণ্ডক! নায়িকান্তরের সহিত তোমার কামযুদ্ধে পরস্পরের সংমর্দ্দনোত্থ গন্ধে মনোহর অঙ্গটি আমার নয়ন ও নাসার প্রচুরতর আনন্দ প্রদান করিতেছে। তুমি ত আমার প্রিয়ই, [বিপরীত লক্ষণায়—অপ্রিয় আচরণ করিয়াছ], অতএব এক্ষণে কর্ণানন্দদায়ক প্রেমগর্ভ চাটুবাক্য প্রয়োগ কর দেখি!"—শ্রীরাধার এই বাক্যে কম্পান্বিত কৃষ্ণকেই আমি স্তব করি। ৫৪।

হে নাগরগুরো! তোমার অঙ্গে স্মরমত্ততা-সূচক রতিচিহ্নাদি প্রকটিত হওয়ায় এক্ষণে সান্ত্বনা বাক্যাদি প্রয়োগরূপ শ্রম-সাধ্য এই ব্যবসায়ের সৃষ্টি হইয়াছে! ক্ষমা প্রার্থনার জন্য তুমি বারংবার বাক্য উচ্চারণ করিয়া প্রগল্‌ভতাই প্রকাশ করিতেছ। আবার কপট প্রেমেও তুমি চতুর। সম্প্রতি তোমার মনে নির্দ্ধারিত এই ভয়ে তোমার হৃদয়ে মহাখেদও জন্মিয়াছে! ক্রম-বিবৃদ্ধ ক্লান্তিভরে তোমার অঙ্গের প্রভা ও প্রতিভা সমূহ নষ্ট হইতেছে। হে শ্যামলসুন্দর! তোমার জয় হউক—অর্থাৎ সর্বোৎকর্ষ আবিষ্কার করিয়া তুমি সুস্থিত হও। ৫৫।

( ১৪ )

"হে সখি রাধে! এই নীলপদ্ম দ্বারা নিজ কর্ণ অলঙ্কৃত কর দেখি।—আমি এই কথা বলিলে শ্রীরাধা কেবল আমার দিকে তাকাইয়া নিজের অঞ্জন-শূন্য নয়নযুগলই দেখাইলেন। প্রকৃত প্রস্তাব তিনি শুনিতেছেনও

না, কোনওদিকে তাঁহার দৃষ্টিও নাই।" বৃন্দার মুখে এইকথা শুনিয়া বিরহ-কাতর শ্যামচন্দ্র মঙ্গলযুক্ত হউন। ৫৬।

[ মঞ্জরীর গন্ধ। ]

হে ধৃষ্টবর! মান-দাবাগ্নির তেজোভরে তুমি নবীন পদ্মবৎ সুন্দর-বদনা শ্রীরাধাকে তাপিত করিয়াছ। কাজেই এখন ত তোমাকে খেদ পাইতেই হইবে। সুখদ, মনোজ্ঞ-পদবিশিষ্ট চাটুবাক্যজালও বিস্তার করিতেছ, অথচ নিজ ধৃষ্টনায়কোচিত স্বভাবটি বজায় রাখিয়াই লীলাচরণ করিতেছ। এক্ষণে তোমার নিজ তাপসমূহ অগ্নিশিখাবৎ তোমাকে জ্বালা দিতে আরম্ভ করিয়াছে। সাধু চরিত্রা ( দক্ষিণা নায়কভেত্মা ) সখী কর্ত্তৃক সুনয়না রাধা সান্ত্বনা প্রাপ্ত হইলে তুমি তাঁহার চরণে নিজ চূড়াটি সমর্পণ করিয়াছ। বনিতা শ্রীরাধার অশ্রুধারায় কুচকুম্ভ সংসিক্ত হইতে থাকিলে তুমি নিজ হস্তে তাহার মার্জনা কর; তখনই তোমার কামোন্মাদনা উপস্থিত হয় এবং শীঘ্রই তুমি তাঁহার মানধন অপসারিত করিয়া থাক। কান্তার রোমাঞ্চোদ্গমে তুমি বিলাসরসের ইঙ্গিত পাইয়া রতিকুঞ্জে গমন কর। পরম মনোজ্ঞ কুসুমরাজির দল সমূহ দ্বারা বিরচিত বিচিত্র মৃদু শয্যায় তুমি রূপমাধুর্য্য প্রকটিত কর। তখন তুমি মহা কেলিবিলাসে সর্ব্বাঙ্গ বিনিয়োগ করিয়া থাক। হে কৃষ্ণ! প্রতি পদে নির্ম্মল-কান্তি চন্দ্রের গর্ব্ববিনাশক তোমার চরণ-পদ্মের নখ—তুমি এতাদৃশ লীলাবিলাসাদি সম্পাদন করিয়া সখীগণের নয়নানন্দ বিস্তার কর। তুমি বিলাসিনী-রাধার প্রাণবন্ধু। ৫৭।

হে বিভো! তোমাদের সুরতকালে কর্ণপ্লাবনকারী ( শ্রুতিমধুর ) ঝন্‌ঝন্ শব্দে তোমার কিঙ্কিণী—মুহুর্মুহু সন্ সন্ শব্দে উভয়ের দীর্ঘশ্বাস সমূহ এবং ইতস্ততঃ ঘূর্ণায়মান ভ্রমর শ্রেণীর তাড়াতাড়িতে প্রসৃত সংমর্দ্দনোত্থ সৌরভরাজি—আমার ঝলঝল ( স্বচ্ছ ) হৃদয়-সম্পুটে রত্নবৎ প্রতিভাত হউক। ৫৮।

তুমি সুরত-সংগ্রামে সুন্দরী রাধার দন্ত দ্বারা বিখণ্ডিত হইয়াছ। তুমি ললনাদের স্বভাব পরিজ্ঞাত আছ, অথবা তোমার কেলিবিলাসাদির বৃত্তান্ত সকলেরই পরিজ্ঞাত, যেহেতু মুখর ( শব্দায়মান ) বলয় তোমার সকল প্রকারের কলযুক্ত ( অব্যক্ত মধুর ধ্বনিযুক্ত ) নিভৃত সুরতের বার্ত্তা বিস্তারিতভাবে বলিয়া দিতেছে। তুমি নিকুঞ্জমন্দিরে শয্যারচনা করিয়াছ। হে পদ্মনয়ন! শ্রীরাধাকে আলিঙ্গন কর ও তাঁহার সহিত বিলাস কর। ৫৯।

( ১৫ )

গুবাক্ সহ সুরসাল তাম্বূল চর্ব্বণ করিতে করিতে মুখকান্তিতে বরাঙ্গনা রাধার ধৈর্য্যগর্ব্বাদি খর্ব্ব করিয়া সেই পীতাম্বর কৃষ্ণ সুবলের স্কন্ধে বাম বাহু স্থাপন করতঃ হেলা ( শৃঙ্গারজ ভাব-বিশেষ ) প্রকাশনে মদমত্ত গজেন্দ্রগামী হইয়া মদীয়চিত্তে নিরন্তর স্ফূর্ত্তিশীল হউন। ৬০।

## [ বিদগ্ধত্রিভঙ্গী। ]

যাঁহাকে দেবগণ নতি ( প্রণাম বা স্তব ) সমূহ দ্বারা আদর করে, সেই কল্যাণময় বৃন্দাবনের তুমিই অধীশ্বর। তুমি নিয়ত গিরিগুহায় খেলা করিতে ভালবাস। অতি সুন্দর হেলা ( ব্যক্ত শৃঙ্গার সূচক ভাব-বিশেষ ) দ্বারা শোভিত পরম মহালক্ষ্মী শ্রীরাধার মুখ-চন্দ্র তুমি চুম্বন করিয়া থাক। গোপীগণের গুরুজনভয়-লোপকারী অথচ বাঞ্ছিত সুখদায়ক নয়ন-কোণে তুমি কামবাণ ধারণ কর। শিবের ধৈর্য্যনাশন কাম কর্ত্তৃক সংব্যাপ্ত নব নব কৌতুক বিধান জন্য তুমি মুরলীর মনোহর ধ্বনি অভ্যাস করিয়াছ। তোমার গুণ, কর্ম্ম ( লীলা ) ও আকৃতি নিখিল কল্যাণগণ মণ্ডিত। পরিহাসময় অমৃতরস বর্ষা করিয়া তুমি সকলের আনন্দ বর্দ্ধন করিতে পার। যমুনা-পুলিনে তুমি মহানৃত্য করিয়াছ। আকর্ষক অথচ আনন্দপ্রদ কামজনিত তৃষ্ণাভরে তুমি সতীগণের ব্রতের ( পাতিব্রত্যের ) তীব্রত্ব ( কঠোরতা ) বিনাশ করিয়াছ।

অপ্সরা রম্ভারও পরাজয়কারী মহাসুন্দর গুণাবলি-মণ্ডিতা মহিলা রাধার সম্যক্ রসে বা রসালসে তুমি লালসা করিয়া থাক। শ্রীরাধার কামশরোত্থ পীড়াকে তুমিই নাশ করিতে পার। তোমার প্রতি বাক্যই মহারসাল। তুমি ম্লান ( বিমর্দ্দিত ) কুসুমমাল্যই ধারণ করিয়াছ। রমণীমণি শ্রীরাধার নয়নপ্রান্ত কটাক্ষের লবমাত্র আদরেই তোমার নিখিল স্মর-তাপ শান্ত হয় ও তাহাতে তুমি পরমানন্দ প্রাপ্ত হও। তুমি রমণীমণির কুচ-মুকুল দর্শনে ও স্পর্শনে সম্যক্ উন্মত্ত হইয়া থাক। তুমি অর্ব্বুদ অর্ব্বুদ কামেরও মত্ততা-বিনাশী নিকুঞ্জ-কুঞ্জর। যুবতিগণ কর্ত্তৃক অর্পিত বনমালা ধারণ করিয়া তুমি অতি মনোরম মূর্ত্তি পরিগ্রহ করিয়াছ। তুমি কালাগুরুরসে সুবাসিত হইয়া উদ্ভাসিত ( উজ্জ্বল ) হইয়াছ। তুমি স্বভাবসুলভ ( ধীর ললিত নায়কোচিত ) নিত্যলীলা বিস্তারে মহোৎকর্ষ প্রাপ্ত হইয়াছ। তোমার কান্তি মালা নবীন নীলপদ্ম সদৃশ। হে দেব ( নিকুঞ্জ বিলাসী ) এইভাবেই বিলাস কর। আমাকে তোমার অভিলষিত সেবা করিবার জন্য নিরন্তর আদেশ কর। হে করুণাময়! আমাকে পালন কর। ৬১।

যাঁহার শিরে চঞ্চল শিখি-পুচ্ছ বিরাজিত, এবং বক্র অরুণ উষ্ণীষ উন্নতাবনত, যাঁহার স্কন্ধদেশ ইতস্ততঃ ঘূর্ণায়মান, এবং দশনজ্যোতিতে উদ্ভাসিত মৃদু মধুর হাস্য উচ্ছলিত হইতেছে, যিনি সুবলসখার স্কন্ধদেশে নিজ বাম বাহু ধারণ করিয়া রাধা-বিতর্কাবলির জীবন স্বরূপ কর্ণে কর্ণে ( রহঃ ) কথারই আস্বাদন করিতেছেন—প্রভু শ্রীকৃষ্ণের গোষ্ঠ-পথে অবস্থানকালীন সেই রহঃকথারই জয় হউক। ৬২।

মৃদু মন্দ বায়ু ভরে তোমার পীতবস্ত্র নড়িতেছে; সুখদায়ক সখীগণ তোমার খেলা বিষয়ে গান করিতেছে। ভ্রমররাজি-বিরাজিত মালা তোমার কণ্ঠে শোভা বিস্তার করিতেছে এবং কুঞ্জগৃহের আশ্রয়ে তুমি কেলিবিলাসাদিও সম্পাদন করিয়াছ। ৬৩।

( ১৬ )

মুক্তাহার নৃত্য করিতেছে, বলয়গুলি ছিন্ন ভিন্ন হইতেছে, অঙ্গ-পরিমল প্রসৃত হইতেছে, স্বর্ণনূপুর বাদ্য করিতেছে, (কুচ) পর্ব্বত উন্মুক্ত ও ক্ষত বিক্ষত হইয়াছে, কেশকলাপ আলুলায়িত, বিন্দু বিন্দু শ্রমজল-রাশিরও উদ্‌গম হইয়াছে। হে নিকুঞ্জেশ্বর! তুমি মদন-মনোহরত্ব ধারণ করিয়া প্রেয়সীর সহিত রমণ-সুখ সম্ভোগ কর। ৬৪।

[ সাপ্ত-বিভক্তিকী কলিকা। ]

(১) হে রাধানাথ! সুনয়না গোপীগণ কর্ত্তৃক অভিমৃষ্ট (পরিচুম্বিত) এবং স্মরমদে ধৃষ্ট (প্রগল্‌ভ) সেই অভীপ্সিত মুখচন্দ্রমা দৃষ্ট হউক। করিশুণ্ডবৎ প্রশস্ত ও রতিকলহে উৎক্ষিপ্ত তোমার সুবলিত হস্তদ্বয় যুবতীগণ কর্ত্তৃক গৃহীত হইয়াছে। জগতের অভিলষণীয় ও মাধুর্য্য-নিধান বিলাসাবলি তোমার দাস সমূহের সমাশ্রয়ে এই বৃন্দাবনে অনুষ্ঠিত হউক।

(২) হে সুন্দর! তোমার অপরিসীম ও জগতে সুগেয় অভিধেয় (সাধনাঙ্গভূত) সেই গুণ সর্ব্বতোভাবে এই রাধা স্মরণ করিতেছেন। তোমার ব্রজভয়-নিবারক, আভরণযুক্ত ও লাবণ্যমণ্ডিত চরণযুগলে আমি প্রণত হইতেছি বা স্তব করি। আমার হৃদয় তোমার চাতুর্য্যাতিশয়ব্যঞ্জক যমুনাতীরের সর্ব্বশ্রেষ্ঠ সেই সেই মনোহর বিহারাবলিরই ভজন করুক।

(৩) হে ব্রজনাথ! পরিহাস-রসগর্ভ অমৃতভাষণশীল এবং মহাপ্রতিভাসম্পন্ন প্রিয়সখা (সুবলের) সহিত তুমি বিলাস করত। কামবশীভূত অতএব ব্রজসুন্দরী রাধা কর্ত্তৃক ধৃত সেই ভুজরূপ ভুজঙ্গ সর্পদ্বয় দ্বারা তুমি প্রকৃষ্টরূপে (স্পর্শন, ধর্ষণ ও আলিঙ্গনাদি দ্বারা) বিহার করিয়া থাক। যুবতিগণের ধৈর্য্যনাশন অথচ পরিষদ্‌গণের অলক্ষিত সেই সুনিপুণ সুচঞ্চল কামকটাক্ষাবলিপাতে তুমি জয়লাভ করত।

( ৪ ) অতি শোভমান বা অভিলাষকারী নিকুঞ্জবনবাসী মহাশয় তোমাকে পাইতে সুনয়না রাধাও বাঞ্ছা করিতেছেন। অতএব অতিমত্ত নৃত্য-কুশল তোমার ঐ নয়নযুগলের নিকটে শ্রীরাধা নিজেকেও সমর্পণ করিতেছেন। কাজেই এইক্ষণে ঐ রাধা কর্ত্তৃক সঙ্কেতীকৃত কামবিলাস-প্রচুর সম্মুখস্থ এই শ্বেতবর্ণ নিকুঞ্জে তুমি প্রকৃষ্টরূপে মিলিত হও।

( ৫ ) এই জগতে রতিসুখে পরিপূরিত এই অতুলনীয় মনোহর ও সর্ব্বশ্রেষ্ঠ চরিত্র ( লীলা ) হইতে অন্য কিছুই চরম ফল বা উৎকৃষ্ট বস্তু হইতে পারেনা। ঐ সুরত সম্পর্কে মনোহর অথচ প্রখর নখরযুক্ত তোমার হস্তদ্বয় শ্রীরাধার ত্রাস উৎপাদন করে, অতএব ঐ সুতনু দেহে লক্ষ্যীকৃত প্রখরতর মদনশর সমূহ হইতে তাঁহাকে রক্ষা কর অর্থাৎ তাঁহার স্মরজ্বালা নিবারণ কর।

( ৬ ) এই প্রসিদ্ধতম শ্রেষ্ঠ আদিরসের প্রতিপদে তুমিই ত একমাত্র ধন ( অবলম্বন )। সুরত-সংগ্রামে চঞ্চল এবং নৃত্যরসকলাপূর্ণ ( শ্রীরাধার ) মকর কুণ্ডলদ্বয়কে একবার দেখত। [ শ্রীরাধার নৃত্য-মাধুর্য্য দূরে থাকুক, তাঁহার কুণ্ডলের নৃত্যমাধুরীই তোমার নৃত্য-চাতুর্য্য হইতেও সাতিশয় চমকপ্রদ ! ] এই ব্রজমণ্ডলে বাসকারী, তোমাতে রতি অভিলাষী রসিক ভক্তগণের তুমিই একমাত্র শরণ।

( ৭ ) সেই লীলাপরায়ণ, পরমসুন্দর বা লম্পটশেখর ও পরম-করুণাময় তোমাতে আমার মতি হউক। মৃদুতর, সুনয়না গোপীগণ কর্ত্তৃক পরিদৃষ্ট এবং গুবাকসহ তাম্বূলাদি দ্বারা সুরঞ্জিত তোমার ঐ অধরযুগলে উল্লসিত প্রেমাস্পদ স্মিতরূপ সেই কুসুম-সমূহে আমার অন্তঃকরণ প্রমুদিত হউক।

( সম্বোধন ) হে মহাদয়াময় ! হে নিত্য নবনবায়মান রসময় লীলা-বিলাসিন্ ! হে সকল নীতি-( সামদানাদি ) মন্দির ! তোমার জয় হউক ! তোমার জয় হউক ॥ ৬৫ ।

হে কৃপাসমুদ্র! হে প্রভুবর (সর্ব্বসমর্থ)! শ্রীরাধার অন্তর্ভাব ব্যঞ্জক সঙ্কেতময় বক্রদৃষ্টিপাতে তিনি তোমাকে দূরে সরাইলেও তুমি বহুক্ষণ যাবৎ তাঁহার গণ্ডদেশে মকরিকা অঙ্কণ করিতে করিতে প্রস্বেদযুক্ত অঙ্গুলি হেলনে তোমার দাস্যে অঙ্গীকৃতা সখীভাবাশ্রিতা আমাকে আদেশ কর—যেন আনন্দাশ্রুপাত পূর্ব্বক আমি প্রেয়সীর সহিত তোমাকে সম্যক্ প্রকারে বীজন করিতে পারি !! ৬৬।

হে মঙ্গলময় স্বভাবশীল কৃষ্ণ! তোমার জয় হউক। তুমি মধুর রসময়ী লীলাই করিয়া থাক। তোমার প্রিয়তমা রাধার পরিজনগণের গণনাকালে আমারও যেন নাম থাকে—এই প্রার্থনা। ভববন্ধনে আবৃত-মতি হইলেও যেন এই আশাটুকুও রচনা করিতে পারি। হে রাধানাথ! আমার এই প্রার্থনা যেন ফলবতী হয়। ৬৭।

স্নিগ্ধ নীল জলধর যেমন মধুর জল বর্ষা করিয়া সকলের মনোরঞ্জন করে, জলার্থী লোকমণ্ডলীর ক্ষেত্রসমূহ ডুবাইয়া থাকে এবং বিদ্যুদ্দাম জড়িত হইয়া প্রকাশ পাইয়া সকলের চমকপ্রদ হইয়া থাকে—তদ্রূপ যিনি মধুররসে [কৈশোর বয়স, কাম ও জগৎকে] কৃতার্থ করিবার জন্য মনোহারী ও অভিলষণীয় লীলা বিনোদ বিস্তার করেন, যিনি প্রণয়ী সজ্জনগণের চিত্তরূপ ক্ষেত্র প্লাবিত করিবার উদ্দেশ্যে বিবিধ চরিত্র প্রকটন করেন এবং বিদ্যুদ্‌বর্ণা কান্তা শ্রীরাধার কান্তি (ইচ্ছা বা বর্ণ) সহ সংমিশ্রণে [অদ্ভুত দীপ্তিমালা বিস্তার করিয়া] সকলের বুদ্ধিবৃত্তি লোপ করেন অর্থাৎ চমকপ্রদ হইয়া থাকেন—সেই স্নিগ্ধশ্যামল কোনও অনির্ব্বচনীয় শ্যামসুন্দরই আমাদিগকে সুখী করুন॥ ৬৮।

[সম্প্রতি কাব্য-দোষ-পরিহার জন্য শ্রীকৃষ্ণ সকাশে প্রার্থনা এবং এই গ্রন্থানুশীলনের ফল বলিতেছেন।] শ্রীরাধামাধবের উত্তম সাধনরূপ সুধাধারার প্রাচুর্য্যধারী প্রেমময় সজ্জনগণকে এই প্রেম-বর্দ্ধক স্তুতি-কাব্য প্রতিপদেই সুখদান করিবে। সেই মেঘ-কান্তি গিরিবরধারী এই স্তুতির

আধি ( অনৈপুণ্য ) বিনাশ করিয়া সত্বই এই পদ্যের আদি, মধ্য বা অন্তঃস্থলস্থ যাহা যাহা দোষ আছে, তৎসমুদয়ই ছেদন করুন—এই প্রার্থনা। ৬৯।

শ্রীমদ্ রূপগোস্বামি-পাদের পাদপদ্মধূলি আমি নিত্যই ললাটে ( শিরোদেশে ) ধারণ করি। আহা! সামান্যরূপে আঘ্রাত সেই ধূলিই আমার চিত্তমধুকরকে শ্রীকৃষ্ণপদরূপ তৃষ্ণাহারী বৃক্ষের আশ্রয়ে আনয়ন করিয়াছে !!—ঐ বৃক্ষটীও আবার নিজরস-প্রদান পূর্ব্বক সংসার রূপ মত্ত মাতঙ্গের অঙ্গমদকেও ভুলাইয়া দিয়াছে। অধিক কি বলিব—উহার অণুমাত্র গন্ধও মুণীন্দ্রগণকে পর্য্যন্ত মহাতৃষ্ণাযুক্ত করিয়া নিজ চরণ সমীপে আকর্ষণ করে॥ ৭০।

বিশাখা নক্ষত্রাশ্রিত বৈশাখী রাকা পূর্ণিমার চন্দ্রমণ্ডলের ষোল কলার ন্যায় ষোল কলিকায় পূর্ণ এই নিকুঞ্জকেলি-বিরুদাবলিও শ্রীরাধা-মাধবের আনন্দপ্রদ হউক। ৭১।

১৬০০ শাকে জ্যৈষ্ঠ মাসে সুন্দর অমাবস্যা তিথিতে রবিবারে এই নিকুঞ্জকেলী-বিরুদাবলী রাধাকুণ্ড তটদেশে প্রাদুর্ভূত হইয়াছেন। ৭২।

**শ্রীশ্রীমদ্ গুরবে সমর্পণমস্তু॥**

# অথাষ্টকাবলী।

## শ্রীনন্দীশ্বরাষ্টকম্।

শ্রীনন্দীশ্বরায় নমঃ—

সাক্ষান্মহত্তম-মহাঘন-চিদ্বিলাস-
পুঞ্জঃ স্বয়ং শেখরি-শেখরতামুপেতঃ।
যত্রেশ্বরঃ স খলু নন্দতি যেন বেতি
নন্দীশ্বরঃ স মদমন্দমুদং দধাতু॥ ১॥

ব্রহ্মাণ্ডবপ্রগতলোক-নিকায়শস্ত-
সন্তর্পি কৃষ্ণচরিতামৃত-নির্ঝরাঢ্যঃ।
পর্য্যণ্য সন্ততি সুখাস্পদ পূর্ব্বকায়ো
নন্দীশ্বরঃ স মদমন্দমুদং দধাতু॥ ২॥

যৎসৌভগং ভগবতা ধরণীভৃতাপি
ন প্রাপ্যতে স্বরগিরিঃ স হি কো বরাকঃ।
নন্দঃ স্বয়ং বসতি যত্র সপুত্রদারো
নন্দীশ্বরঃ স মদমন্দমুদং দধাতু॥ ৩॥

যত্র ব্রজাধিপ-পুরাপ্রতিমপ্রকাশ-
প্রাসাদ-মূর্দ্ধকলসোপরি নৃত্যরঙ্গী।
বর্হীক্ষ্যতে ভুবি জয়ধ্বজ-কেতুভৃতো
নন্দীশ্বরঃ স মদমন্দমুদং দধাতু॥ ৪॥

স্বচ্ছশৃঙ্গসঙ্গত-সুগন্ধ-শিলাধিরূঢ়ঃ
কৃষ্ণঃ সতৃষ্ণনয়নঃ পরিতো ব্রজাঙ্গং।
আলোকতে দ্বিষড়ুদারদলাটবী স্তা
নন্দীশ্বরঃ স মদমন্দমুদং দধাতু ॥ ৫ ॥

জিগ্যে যদীয় তটরাজি-সরোজরাজি-
সৌরভ্য মঞ্জুল-সরো জলশীকরেণ।
ত্রৈলোক্যবর্ত্তিবরতীর্থযশো রসৌঘৈ-
র্নন্দীশ্বরঃ স মদমন্দমুদং দধাতু ॥ ৬ ॥

যত্তীরসঙ্গি-পবনৈরভিমৃশ্যমানাঃ
স্যুঃ পাবনা অপি জনাঃ স্বদশাং পরেষাং।
সা পাবনাখ্যসরসী যদুপত্যকায়াং
নন্দীশ্বরঃ স মদমন্দমুদং দধাতু ॥ ৭ ॥

কৃষ্ণাখ্যমস্তি মহদুজ্জ্বল-নীলরত্নং
সূতে তদেব বসু তৎ স্বভুবৈব দৃষ্টম্।
তল্লভ্যতে সুকৃতিনৈব যদীয়সানৌ
নন্দীশ্বরঃ স মদমন্দমুদং দধাতু ॥ ৮ ॥

দুর্বাসনা-শতবৃতোঽপি ভবৎপ্রযত্নঃ
পদ্যাষ্টকং পঠতি যঃ শিখরীশ তুভ্যং।
কৃষ্ণাঙ্ঘ্রি-পদ্মরস এব সদা সতৃষ্ণ
মেতং জনং কুরু গুরু প্রণয়ং দধানং ॥ ৯ ॥

ইতি শ্রীনন্দীশ্বরাষ্টকং সম্পূর্ণম্।

# শ্রীবৃন্দাবনাষ্টকম্।

নমঃ শ্রীবৃন্দাবনায়—

ন যোগসিদ্ধি র্ন মমাস্তু মোক্ষো
বৈকুণ্ঠলোকেঽপি ন পার্ষদত্বং।
প্রেমাপি ন স্যাদিতি চেত্তরাস্তু
মমাস্তু বৃন্দাবন এব বাসঃ ॥ ১ ॥

তার্ণং জনু র্যত্র বিধি র্যযাচে
সদ্ভক্তচূড়ামণিরুদ্ধবোঽপি।
বীক্ষ্যৈব মাধুর্য্যধুরাং তদস্মিন্
মমাস্তু বৃন্দাবন এব বাসঃ ॥ ২ ॥

কিং তে কৃতং হন্ত তপঃ ক্ষিতীতি
গোপ্যোঽপি ভূমে স্তুবতে স্ম কীর্ত্তিং।
যেনৈব কৃষ্ণাঙ্ঘ্রি-পদাঙ্কিতেঽস্মিন্
মমাস্তু বৃন্দাবন এব বাসঃ ॥ ৩ ॥

গোপাঙ্গনা-লম্পটতৈব যত্র
যস্যাং রসঃ পূর্ণতমত্বমাপ।
যতো রসো বৈ স ইতি শ্রুতি স্তন্
মমাস্তু বৃন্দাবন এব বাসঃ ॥ ৪ ॥

ভাণ্ডীর-গোবর্দ্ধন-রাসপীঠৈ
স্ত্রিসীমকে যোজন-পঞ্চকেন।
মিতে বিভুত্বাদমিতেঽপি চাস্মিন্
মমাস্তু বৃন্দাবন এব বাসঃ ॥ ৫ ॥

যত্রাধিপত্যং বৃষভানুপুত্র্যা
যেনোদয়েৎ প্রেমসুখং জনানাং।

যস্মিন্মমাশা বলবত্যতোঽস্মিন্
মমাস্তু বৃন্দাবন এব বাসঃ ॥ ৬॥

যস্মিন্ মহারাস-বিলাসলীলা
ন প্রাপ যাং শ্রীরপি সা তপোভিঃ।
তত্রোল্লসন্মঞ্জু-নিকুঞ্জপুঞ্জে
মমাস্তু বৃন্দাবন এব বাসঃ ॥ ৭॥

সদা রুরু-ন্যঙ্কমুখা বিশঙ্কং
খেলন্তি কূজন্তি পিকালিকীরাঃ।
শিখণ্ডিনো যত্র নটন্তি তস্মিন্
মমাস্তু বৃন্দাবন এব বাসঃ ॥ ৮ ॥

বৃন্দাবনস্যাষ্টকমেতদুচ্চৈঃ
পঠন্তি যে নিশ্চলবুদ্ধয়স্তে।
বৃন্দাবনেশাঙ্ঘ্রি-সরোজসেবাং
সাক্ষাল্লভন্তে জনুষোঽন্ত এব ॥ ৯ ॥

ইতি শ্রীবৃন্দাবনাষ্টকং সম্পূর্ণম্।

---

## শ্রীগোবর্দ্ধনাষ্টকম্।

শ্রীগোবর্দ্ধনায় নমঃ—

কৃষ্ণপ্রসাদেন সমস্তশৈল-
সাম্রাজ্যমাপ্নোতি চ বৈরিণোঽপি।
শক্রস্য যঃ প্রাপ বলিং স সাক্ষাদ্
গোবর্দ্ধনো মে দিশতামভীষ্টং ॥ ১ ॥

স্বপ্রেষ্ঠ-হস্তাম্বুজ-সৌকুমার্য্য-
সুখানুভূতে রতিভূম্নি বৃত্তে।

মহেন্দ্র-বজ্রাহতিমপ্যজানন্
গোবর্দ্ধনো মে দিশতামভীষ্টং ॥ ২ ॥

যত্রৈব কৃষ্ণো বৃষভানুপুত্র্যা
দানং গৃহীতুং কলহং বিতেনে।
শ্রুতেঃ স্পৃহা যত্র মহত্যতঃ শ্রী-
গোবর্দ্ধনো মে দিশতামভীষ্টং ॥ ৩ ॥

স্নাত্বা সরঃস্বাশু সমীর-হস্তী
যত্রৈব নীপাদি-পরাগ-ধূলীঃ।
আলোলয়ন্ খেলতি চারু স শ্রী-
গোবর্দ্ধনো মে দিশতামভীষ্টং ॥ ৪ ॥

কস্তূরিকাভিঃ শয়িতং কিমত্রে-
ত্যূহং প্রভোঃ স্বস্য মুহু র্বিতন্বন্।
নৈসর্গিক-স্বীয়শিলা-সুগন্ধৈ
র্গোবর্দ্ধনো মে দিশতামভীষ্টং ॥ ৫ ॥

বংশ-প্রতিধ্বন্যনুসারবর্ত্ম্যা
দিদৃক্ষবো যত্র হরিং হরিণ্যঃ।
যান্ত্যো লভন্তে ন হি বিস্মিতাঃ স
গোবর্দ্ধনো মে দিশতামভীষ্টং ॥ ৬ ॥

যত্রৈব গঙ্গামনু নাবি রাধা-
মারোহ্য মধ্যে তু নিমগ্ননৌকঃ।
কৃষ্ণো হি রাধানুগলো বভৌ স
গোবর্দ্ধনো মে দিশতামভীষ্টং ॥ ৭ ॥

বিনা ভবেৎ কিং হরিদাসবর্য্য-
পদাশ্রয়ং ভক্তি রতঃ শ্রয়ামি।

যমেব সপ্রেম নিজেশয়োঃ শ্রী-
গোবর্দ্ধনো মে দিশতামভীষ্টং ॥ ৮ ॥

এতৎ পঠেদ্ যো হরিদাসবর্য্য-
মহানুভাবাষ্টকমার্দ্রচেতাঃ।
শ্রীরাধিকা-মাধবয়োঃ পদাব্জ-
দাস্যং স বিন্দেদচিরেণ সাক্ষাৎ ॥ ৯ ॥

ইতি শ্রীগোবর্দ্ধনাষ্টকং সমাপ্তম্ ॥

---

## শ্রীকৃষ্ণকুণ্ডাষ্টকম্।

শ্রীকৃষ্ণকুণ্ডায় নমঃ—

কিং তপশ্চচার তীর্থলক্ষমক্ষয়ং পুরা
সুপ্রসীদতি স্ম কৃষ্ণ এব সদ্বরং যতঃ।
যত্র বাসমাপ সাধু তৎ সমস্ত দুর্লভে
তত্র কৃষ্ণকুণ্ডএব সংস্থিতিঃ স্তুতাস্তু নঃ ॥ ১ ॥

যত্ত্বরিষ্টদানবোঽপি দানদো মহানিধে
রস্মদাদি-দুর্মতিভ্য ইত্যগোবসীয়তে।
যো মৃতিচ্ছলেন যত্র মুক্তিমদ্ভুতাং ব্যধাৎ
তত্র কৃষ্ণকুণ্ডএব সংস্থিতিঃ স্তুতাস্তু নঃ ॥ ২ ॥

গোবধস্য নিষ্কৃতি স্ত্রিলোকতীর্থ-কোটিভী
রাধয়েত্যবাদি তেন তা হরিঃ সমাহ্বয়ৎ।
যত্র পার্ষ্ণিঘাতজে মমজ্জ চ স্বয়ং মুদা
তত্র কৃষ্ণকুণ্ডএব সংস্থিতিঃ স্তুতাস্তু নঃ ॥ ৩ ॥

ক্বাপি পাপনাশ এব কর্ম্মবন্ধ-বন্ধনাদ্
ব্রহ্মসৌখ্যমেব বিষ্ণুলোকবাসিতা ক্বচিৎ।

প্রেমরত্নমত্যযত্নমেব যত্র লভ্যতে
তত্র কৃষ্ণকুণ্ডএব সংস্থিতিঃ স্তুতাস্তু নঃ ॥ ৪ ॥

ফুল্ল-মাধবী-রসাল-নীপকুঞ্জমণ্ডলে
ভৃঙ্গকোককোকিলাদি-কাকলী যদঞ্চতি।
আষ্টযামিকাবিতর্ক-কোটিভেদ-সৌরভং
তত্র কৃষ্ণকুণ্ডএব সংস্থিতিঃ স্তুতাস্তু নঃ ॥ ৫ ॥

দোল-কেলি-চিত্ররাস-নৃত্যগীতিবাদনৈ
র্নিহ্নব-প্রসূন যুদ্ধ সীধুপান-কৌতুকৈঃ।
যত্র খেলতঃ কিশোরশেখরৌ সহালিভি
স্তত্র কৃষ্ণকুণ্ডএব সংস্থিতিঃ স্তুতাস্তু নঃ ॥ ৬ ॥

দিব্যরত্ননির্মিতাবতার-সারসৌষ্ঠবৈ
শ্ছত্রিকা বিরাজি চারু কুট্টিম-প্রভাভরৈঃ।
সর্ব্বলোক-লোচনাতিধন্যতা যতো ভবেৎ
তত্র কৃষ্ণকুণ্ডএব সংস্থিতিঃ স্তুতাস্তু নঃ ॥ ৭ ॥

মাধুরং * বিকুণ্ঠতোঽপি জন্মধাম দুর্লভং
বাসকাননন্ততোঽপি পাণিনা ধৃতো গিরিঃ।
শ্রীহরে স্ততোঽপি যৎপরং সরোঽতিপাবনং
তত্র কৃষ্ণকুণ্ডএব সংস্থিতিঃ স্তুতাস্তু নঃ ॥ ৮ ॥

কৃষ্ণকুণ্ডতীরবাস-সাধকং পঠেদিদং
যোঽষ্টকং ধিয়ং নিমজ্য কেলিকুঞ্জরাজিতোঃ।
রাধিকা-গিরিধারিণোঃ পদাম্বুজেষু
স প্রেমদাস্যমেব শীঘ্রমাপ্নুয়াদনাময়ম্ ॥ ৯ ॥

ইতি শ্রীকৃষ্ণকুণ্ডাষ্টকং সমাপ্তম্ ॥

---

* মাথুরং।

# অথ গীতাবলী।

পায়য় কৃপয়া প্রেমসুধা মাং
কারয় নিজসেবা বহুধা মাং।
শ্রীগোবিন্দ মদন গোপাল গোপীনাথ
শ্রীকৃষ্ণ হরে ব্রজজন-গীত লীলাগাথ।
মধুরিমগরিম সরস করুণালয় লোচন-কোণবিকাশং
মামনুভাবয় ভাবয় নিজগুণরূপকলাপবিলাসং।
শ্রীবৃন্দাবন-কুঞ্জবিহারিণি রাধে হরি-দয়িতে
নয় নিজচরণ-সরোজতলং মামুররীকুরু ললিতে॥ ১॥

---

## [ রাগ কানড়া ]

বন্দে শ্রীবৃষভানুসুতা-পদ।
কমল নয়ন লোচন সংপদ॥
নখর মুকুরজিত কোটি সুধাকর।
মাধব হৃদয়চকোর-মনোহর।
কমলানুত সৌভগরেখাঙ্কিত।
ললিতাদিকর-যাবক-রঞ্জিত।
সংসেবয়া গিরিধর মতি-মণ্ডিত।
রাসবিলাস-নটনরস-পণ্ডিত॥ ২॥

---

## [ রাগ তুড়ি ]

ইহ নব বঞ্জুলকুঞ্জে।
কুরুবক কুসুম সুসম নবগুঞ্জে॥
তামভিসারয় ধীরাং।
ত্রিজগদতুলগুণভরিম-গভীরাং॥

গুরুমঙ্গীকুরু ভারং।
বিরচয় মদন-মহোদধি-পারং ॥
ভবতীং গতিমবলম্বে।
মদুচিতমিহ কুরু বিগতবিলম্বে ॥
ইতি গদিতা মধুরিপুণা।
ত্বরিতমগাদিয়মতিনিপুণা ॥
রহসি সরসি চটু রাধাং।
সমবোধয়দঘহর-পুরুবাধাং ॥
হৃদি সখি! বসসি মুরারেঃ।
জ্বলয়সি তদপি কিমকৃত-বিচারে ॥
অধুনা দৃশি চ বলন্তী।
শিশিরয় তদমিত রুচি বিভবন্তী ॥
হরিবল্লভ-গিরমমলাং।
শ্রবসি রচয় সুমনসমিব মৃদুলাম্ ॥ ৩ ॥

---

## [ কেদার রাগ ]

সুন্দরি! কলয় সপদি নিজ-চরিতং।
ত্বমতনুকার্মণবিদুষি রসিকমমুমাকর্ষসি গুণ-কলিতম্ ॥ ধ্রু ॥
নিজ মন্দির মনুপদলসদিন্দিরমপি পরিহায় বিলাসী।
অভবদপাস্ত-সমস্তকলং গিরিকন্দরতট-বনবাসী ॥
ভবদনুরাগ-নৃপোঽকৃত হা কিমকারণ-বৈরমপারম্।
প্রহরতি মনসিজ-ধন্যমুনা প্রহিতো যদমুং কতিবারম্ ॥
জীবয়িতুং যদি কান্তমনঙ্গ-গুণালয়মিচ্ছসি কান্তে।
অভিসর সংপ্রতি ভামিনি! হরিবল্লভ-ভুবি তান্তে ॥ ৪ ॥

---

[ বরাড়ী ]

মা তুদ মুঞ্চ পটান্তমিতি স্ফুটকুটিলমুখং স্মিতমিশ্রং।
ষাড়বমিব প্রীতিশ্রিতভুজবলরাশি রঘারিরকৃষ্টং।
সখি হে পশ্য নয়ন-সুখসারং।
রসিকমুকুটতনু যুগলমধি শ্রিতবহুবিধ-মদন-বিকারং॥ ধ্রু॥
চটুলিত বিকটচিল্লিধনুরর্পিত শাণিত শোণকটাক্ষ॥
তর্জতি দয়িতমিমং তদপি প্রতিপরিরম্ভণ রসদক্ষা॥
মুখমতিপূতমিদং যুবতি ব্রজরসনারসিত মখণ্ডং।
স্পর্শয় মা দয়িতেত্যভিধায় পুন র্ধয়তি প্রিয়গণ্ডং॥
বিরম সতীত্বমজনি মম খণ্ডিতমিতি হিতমপি তব সিদ্ধং।
ইতি সা সরুষেব রদৈ র্নিজবল্লভ মধরে রচয়তি বিদ্ধম্॥ ৫॥

---

হরিভুজ কলিত মধুর মৃদুলাঙ্গা।
তদমল মুখশশি বিলসদপাঙ্গা॥
রাধা ললিতবিলাসা।
অধিরতি-শয়নমজনি মৃদুহাসা॥
অসকৃদুদঞ্চিত ঘন-পরিরম্ভা।
খরনখরাঙ্কুশোদিতকুচকুম্ভা॥
স্মরশর খণ্ডিত ধৃতিমতিলজ্জা।
প্রেমসুধা-জলধিকৃতমজ্জা॥
সরভসবলিত-রদনচ্ছদপানা।
শ্রমসলিলাপ্লুতবপুরপিধানা॥
কঙ্কণ কিঙ্কিণি ঝঙ্কৃত রুচিরা।
পরিমল-মিলিত মধুব্রত-নিকরা॥

মৃগমদরস চর্চ্চিত নব-নলিনা।
কৃতিধর তিমিত চিকুর বৃতবদনা॥
বল্লভরসিক কলারস সারা।
সফলীকৃত নিজ মধুরিমভারা॥ ৬॥

---

[ দক্ষিণা ]

কৃষ্ণা নন্দগোপনন্দনা।
জয় কৃষ্ণ মন্দহাস্যবদনা॥ ধ্রু॥
কঙ্কণকিঙ্কিণি কেয়ূরভূষণ-
কৌস্তুভ মণিরাজিতা॥ ১॥
কৃষ্ণা পদ্মনিন্দিচরণা।
বঞ্জুল সদ্মবীথি-চলনা।
ইন্দুকোটি জয়িনখমণি-
দর্পণ দণ্ডিত-ঘনতিমিরা॥ ২॥
কৃষ্ণা রাজদঙ্কললিতা।
মদগজরাজবর্য্য-চলিতা।
মঞ্জুল শিঞ্জিত মঞ্জীর-
চুম্বিত চঞ্চল মাল্যতটা॥ ৩॥
কৃষ্ণা হাটকরুচি-বসনা।
নব রস নাটক মণি রসনা।
নাভি সরোবর তীর সমুত্থিত-
বীচি-বলিত্রিতয়া॥ ৪॥
কৃষ্ণা কুন্দদামচপলা।
বন্ধুর তুন্দশোভি-তরলা।
বক্ষসি ভৃগুপদ লক্ষণ-
সলক্ষণ ইন্দিরাঙ্করুচিরা॥ ৫॥

কৃষ্ণা পীনবাহুযুগলা।
নিয়ত নবীন রঙ্গ কুশলা।
রাধিকা সুখসাগর নাগর-
সুন্দরাব্জ-নয়না॥ ৬॥

কৃষ্ণা কর্ণলম্বি-কুণ্ডলা।
কুবলয়বর্ণনিন্দি কুন্তলা।
ভালরঞ্জি তিলকাবলি-
নাসিকা দন্তরোচিরতুলা॥ ৭॥

কৃষ্ণা বংশবাদ্য চতুরা।
লসদবতংস পিঞ্ছমধুরা।
নীলকঞ্জঘন-পুঞ্জজিষ্ণু-
মণিজৈষ্ণু নব্যসুষমা॥ ৮॥

কৃষ্ণা রাসলাস্য বিদিতা।
মধুর বিলাসনিত্য মুদিতা।
বল্লবী নয়নাঞ্জন রঞ্জিত-
মঞ্জু দশন বসনা॥ ৯॥ ৭॥

---

প্রভো কৃষ্ণ চৈতন্য গৌরাঙ্গ
বিশ্বম্ভর শ্রীশচীনন্দন প্রেমসিন্ধো।
হরে কৃষ্ণ গোপাল গোবিন্দ
নন্দাত্মজ গোষ্ঠ গোপীজন প্রাণবন্ধো॥ ৮॥

---

[ শ্রীরাগ বিহাগড়া ]

মধুর গোকুল-নন্দন ছবিল বৃন্দাবনচন্দ্র।
মুরলীধর মধুসূদন মাধব গোপীনাথ মুকুন্দ।
কেলিকলানিধি কুঞ্জবিহারিন্ গিরিধর আনন্দকন্দ।
রাধে কৃষ্ণ রাধে ॥ ৯ ॥

জয় মাধুর্য্যপতাকে শ্রীরাধে। জয় বৃষভানুসুতে ॥
ললিতাদি সখিকুমুদাবলিরাকে।
প্রেমমহামৃত ভাবিত রসময়তনু গুণরূপকলাপে।
নিজ পরিজন পরিষদি মামুপনয় কলিত-ললিত-মমতাকে ॥ ১০ ॥

নন্দসূনো কৃষ্ণ গোবিন্দ।
দৃশময়ি দিশ ময়ি নিজকৃপয়া।
মাং জীবয় মন্দস্মিত-সুধয়া ॥
পীতবসন মম কলয় মনো
নব নীলনলিন-কমনীয়তনো।
বল্লব-নগরবতংস বিভো
বল্লভ মামুররীকুরু ভোঃ ॥ ১১ ॥

---

সমাপ্তেয়ং স্তবামৃত-লহরী ॥

---

# ভ্রম-সংশোধন।

২৩শ পৃষ্ঠায়াং চতুর্থ-পংক্তৌ—

"লসদম্বুজ" স্থলে "শুভ-কম্বুজ" পঠনীয়ং।